দৈনিক চাঁদপুর দিগন্ত

The Daily Chandpur Diganta

সত্য প্রকাশে অবিচল

সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত

শুক্রবার
রেজিঃ নং-চ-৫১৩
৩০ অক্টোবর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৮৭
১৪ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
১৮ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা

E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

মেঘনায় গুলিতে জেলে নিহত : চাঁদপুর নৌ পুলিশের অভিযোগ অস্বীকার

দিগন্ত রিপোর্ট

বরিশালের হিজলা উপজেলা সংলগ্ন মেঘনা নদীতে গুলিতে আকতার হোসেন (৪০) নামে এক জেলে নিহত হয়েছেন। বৃহস্পতিবার ভোরে এ ঘটনা ঘটে। নিহতের সঙ্গে থাকা অন্য জেলেদের দাবি, চাঁদপুর নৌ পুলিশের অভিযানের সময় ছোড়া গুলিতে তিনি নিহত হয়েছেন। তবে এ অভিযোগ অস্বীকার করেছে চাঁদপুর নৌ পুলিশ। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অন্য কোনো দপ্তরও এ ঘটনায় দায় স্বীকার করেনি। নিহত আকতার হোসেন হিজলা উপজেলার মেমানিয়া ইউনিয়নের সুলতান হাওলাদারের ছেলে। তিনি চার মেয়ে ও দুই ছেলের বাবা।

ঘটনার প্রত্যক্ষদর্শী জেলে মো. আব্দুল বেপারী জানান, তাঁরা ১৩ জন একটি ট্রলারে করে মেঘনা নদীতে মাছ ধরতে যান। তীর থেকে প্রায় আধা ঘণ্টা চলার পর হিজলা-গৌরবদী ইউনিয়নের ওরাকুল মাছসংলগ্ন এলাকায় পৌঁছালে নৌ পুলিশের একটি ট্রলার তাঁদের কাছে আসে। এ সময় আকস্মিকভাবে রাবার বুলেট ছোড়া হয়। এতে ২-এর পাতায় দেখুন

মাতারবাড়ী বন্দর নিয়ে সার্বভৌমত্ব বিসর্জনের উদ্যোগ মানব না : জামায়াত আমির

দিগন্ত ডেস্ক

মাতারবাড়ি গভীর সমুদ্রবন্দর নিয়ে জাতীয় স্বার্থ, নিরাপত্তা ও ভৌগোলিক সার্বভৌমত্ব বিসর্জন দিয়ে কোনো উদ্যোগ বা সিদ্ধান্ত মেনে নেওয়ার সুযোগ নেই বলে মন্তব্য করেছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

তিনি স্পষ্ট করে বলেছেন, এ ধরনের কোনো সিদ্ধান্ত দেশের জনগণ কখনই মেনে নেবে না এবং এ বিষয়ে যা কিছু হচ্ছে, তা স্পষ্টভাবে জাতির সামনে তুলে ধরতে হবে।

বৃহস্পতিবার নিজের ভেরিফাইড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি এ কথা বলেন। পোস্টে জামায়াত আমির আরও বলেন, অতীতেও বাংলাদেশের স্বার্থের কথা বলে ট্রানজিট ও করিডোরসহ বিভিন্ন নামে নানা সুযোগ-সুবিধা দেওয়া হলেও বাংলাদেশ কার্যত তার কোনো সুফল পায়নি।

২-এর পাতায় দেখুন

নিষেধাজ্ঞা শেষে মেঘনায় চাঁদপুরের জেলেরা, সরগরম জেলে পল্লী

স্টাফ রিপোর্টার

নিষেধাজ্ঞা শেষে মেঘনায় চাঁদপুরের জেলেরা।

মা ইলিশের নিরাপদ প্রজনন নিশ্চিত করতে সরকারের নির্ধারিত দীর্ঘ ২২ দিনের নিষেধাজ্ঞা শেষে গতকাল মধ্যরাত থেকে আবারও মাছ ধরতে নামছেন চাঁদপুরের জেলেরা। ইলিশ ধরার প্রস্তুতি নিয়ে চাঁদপুর মৎস্য অবতরণ কেন্দ্রসহ পদ্মা-মেঘনা নদীর চাঁদপুর সদর, হাইমচর, মতলব দক্ষিণ ও মতলব উত্তর উপজেলার নদী তীরবর্তী বিভিন্ন আড়তঘাটে ব্যস্ত সময় পার করছেন তারা। নৌকা ও ট্রলার মেরামত, জাল ধোয়া-মোছা এবং প্রয়োজনীয় সরঞ্জাম গুছিয়ে মৌসুমের শেষভাগে কাঙ্ক্ষিত ইলিশ পাওয়ার আশায় বুক বেঁধেছেন মৎস্যজীবীরা। নিষেধাজ্ঞা প্রত্যাহার ও জেলেদের প্রস্তুতি: গত ৮ অক্টোবর থেকে শুরু হওয়া মা ইলিশ সংরক্ষণের এই সরকারি নিষেধাজ্ঞা শেষ হয়েছে ২৯ অক্টোবর মধ্যরাতে। এই নিষেধাজ্ঞার কারণে এতদিন চাঁদপুর বড়স্টেশন মৎস্য অবতরণ কেন্দ্র ও মেঘনা তীরের মাছের আড়তগুলোতে কর্মচাঞ্চল্য থেমে গিয়ে এক ধরনের নীরবতা বিরাজ করছিল। তবে নিষেধাজ্ঞা শেষ হওয়ার সাথে সাথেই আবারও চঞ্চলতা ফিরে এসেছে ঘাটে ঘাটে। জেলেরা ট্রলার ও জাল নিয়ে প্রস্তুত হয়ে নদী চষে বেড়ানোর প্রস্তুতি নিয়েছেন। মৎস্য কর্মকর্তারাও আশা করছেন, গভীর সাগরে জাল ফেলতে পারলে জেলেদের জালে এবার ঝাঁকে ঝাঁকে ইলিশ ধরা পড়বে। নিষেধাজ্ঞা সফল করতে চাঁদপুর নদী এলাকায় মৎস্য বিভাগ ও জেলা টাস্কফোর্স ব্যাপক অভিযান পরিচালনা করে। গত ২-এর পাতায় দেখুন

হাম উপসর্গে ৭ শিশুর মৃত্যু, আক্রান্ত ১৩১৫

দিগন্ত ডেস্ক

দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে সাত শিশুর মৃত্যু হয়েছে। একই সময়ে হাম ও হামের উপসর্গ নিয়ে আক্রান্ত হয়েছে এক হাজার ৩১৫টি শিশু।

বৃহস্পতিবার স্বাস্থ্য অধিদফতরের হাম-বিষয়ক হালনাগাদ প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে আরো সাত শিশুর মৃত্যু হয়েছে। তবে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে কোনো শিশুর মৃত্যু হয়নি।

এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারাদেশে হামের উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে মোট এক হাজার ১৪৪ শিশুর। আর হামে আক্রান্ত হয়ে আরো ১০৫ শিশু মারা গেছে। অর্থাৎ হাম ও হামের উপসর্গ নিয়ে এই সময়ে মোট এক হাজার ২৪৯ শিশুর মৃত্যু হয়েছে।

এছাড়া ২৪ ঘণ্টায় ৬৪ শিশু হামে আক্রান্ত হয়েছে আর হামের উপসর্গজনিত রোগীর সংখ্যা এক

২-এর পাতায় দেখুন

চাঁদপুর জেলা লিগ্যাল এইড কমিটির মাসিক সভায় বক্তব্য রাখছেন সিনিয়র জেলা ও দায়রা জজ এবং জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান সামছুন্নাহার।

চাঁদপুর জেলা লিগ্যাল এইড কমিটির দশম মাসিক সভা

লিগ্যাল এইড কমিটির মাধ্যমে বিকল্প বিরোধ নিষ্পত্তির হার বাড়ছে

-----------সিনিয়র জেলা ও দায়রা জজ সামছুন্নাহার

নিজস্ব প্রতিবেদক

চাঁদপুর জেলা লিগ্যাল এইড কমিটির দশম মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

২৯ অক্টোবর (বৃহস্পতিবার) বিকাল সাড়ে ৩টায় চাঁদপুর জেলা জজকোর্টের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন ও বক্তব্য রাখেন চাঁদপুরের সিনিয়র জেলা ও দায়রা জজ এবং জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান সামছুন্নাহার।

সভাপতির বক্তব্যে তিনি বলেন, লিগ্যাল এইড কমিটির মাধ্যমে বিকল্প বিরোধ নিষ্পত্তির হার বাড়ছে। লিগ্যাল এইডের মাধ্যমে দরিদ্র ও অসহায় মানুষ উপকৃত হচ্ছে। অসহায়দের বিনামূল্যে আইনি সহায়তা দিতে জেলা লিগ্যাল এইড কমিটি বদ্ধপরিকর। লিগ্যাল এইড কমিটির কার্যক্রম গতিশীলতা বৃদ্ধি পেয়েছে?

তিনি বলেন, লিগ্যাল এইডের বিল্ডিং হলে আমাদের কার্যক্রম আরো বেগবান হবে? জেলা কারাগারে লিগ্যাল এইড কর্ণার করা যায় ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জ বাজারে ইনকিলাব মঞ্চের মিছিল ও সমাবেশ।

একের পর এক হত্যাকাণ্ড ও স্বরাষ্ট্রমন্ত্রীর নীরবতা

হাজীগঞ্জে ইনকিলাব মঞ্চের হুঁশিয়ারি

হাজীগঞ্জ প্রতিনিধি

দেশে একের পর এক হত্যাকাণ্ডের ঘটনায় স্বরাষ্ট্রমন্ত্রীর নীরব ভূমিকার সমালোচনা করে চাঁদপুরে 'মার্চ ফর ইনসাফ' কর্মসূচি পালন করেছে ইনকিলাব মঞ্চ। ওসমান হাদী হত্যা, জুলাই গণহত্যা, পিলখানা ও শাপলা চত্বরের হত্যাকাণ্ডের বিচার এবং জুলাই সনদ বাস্তবায়নের দাবিতে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

বৃহস্পতিবার দুপুরে হাজীগঞ্জ বাজারে আয়োজিত মিছিল ও সমাবেশে সংগঠনটির আহ্বায়ক আব্দুল্লাহ আল জাবের বলেন, এত হত্যাকাণ্ডের পরও স্বরাষ্ট্রমন্ত্রী নীরব। দায়িত্ব পালনে ব্যর্থতার অভিযোগ তুলে আব্দুল্লাহ আল জাবের হুঁশিয়ারি দিয়ে বলেন, 'আগামীতে ২-এর পাতায় দেখুন

বাবুরহাটে সড়ক ও ফুটপাত দখলদারদের চিহ্নিত করতে আদালতের নির্দেশ

স্টাফ রিপোর্টার

চাঁদপুরের বাবুরহাট এলাকায় সড়ক ও জনপথ অধিদপ্তরের অধিগ্রহণ করা জমি এবং ফুটপাত দখল করে অবৈধ স্থাপনা নির্মাণের ঘটনায় দখলদারদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে নির্দেশ দিয়েছেন আদালত। একই সঙ্গে আগামী ১২ নভেম্বরের মধ্যে সরেজমিনে তদন্ত করে অবৈধ স্থাপনা ও দখলদারদের পরিচয় উল্লেখ করে প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে।

বুধবার (২৮ অক্টোবর) চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মো.

২-এর পাতায় দেখুন

সদর লক্ষীপুর ইউনিয়ন জামায়াতের কর্মী মো. ইউসুফ খানকে দেখতে আসেন জেলা জামায়াতের সেক্রেটারি ও চাঁদপুর-৩ আসনের এমপি প্রার্থী অ্যাড. মোঃ শাহজাহান মিয়া।

সড়ক দূর্ঘটনায় আহত ইউসুফ খানকে দেখতে গেলেন অ্যাড. শাহজাহান মিয়া

স্টাফ রিপোর্টার

চাঁদপুর সদর উপজেলার লক্ষীপুর ইউনিয়নের ৪নং ওয়ার্ডের খান বাড়ির বাসিন্দা জামায়াতে ইসলামীর কর্মী মো. ইউসুফ খানকে দেখতে ২৯ অক্টোবর (বৃহস্পতিবার) বাদ আছর তার বাড়িতে যান চাঁদপুর জেলা জামায়াতের সেক্রেটারি ও চাঁদপুর-৩ আসনের এমপি প্রার্থী অ্যাড. মো. শাহজাহান মিয়া। ইউসুফ খান বেস কিছুদিন আগে সড়ক দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত হন। এসময় তিনি তার শারীরিক খোঁজ-খবর নেন ও পরিবারের সদস্যদের সাথে কথা বলেন এবং তার সুচিকিৎসার জন্য আর্থিক অনুদান প্রদান করেন। এছাড়া তিনি বিগত সংসদ নির্বাচনের সময় ২-এর পাতায় দেখুন

চিত্রলেখা মোড় এলাকায় ভ্রাম্যমান আদালতের অভিযান।

চাঁদপুরে বিএসটিআইয়ের ভুয়া লোগো ব্যবহারে ২ বেকারিকে জরিমানা

শহর প্রতিনিধি

চাঁদপুর সদর উপজেলার বিভিন্ন এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার উৎপাদন, বিএসটিআইয়ের মিথ্যা বিজ্ঞাপন ব্যবহার এবং লাইসেন্স না থাকার অপরাধে দুটি বেকারিতে মোট ৮০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। একই সঙ্গে অনিয়ম সংশোধনের আগ পর্যন্ত একটি বেকারি সাময়িকভাবে বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। জেলা প্রশাসক কার্যালয়ের সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোহাম্মদ নাজমুল হুদার নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়। চাঁদপুর সদর উপজেলার চিত্রলেখা মোড়ে অবস্থিত এই ২-এর পাতায় দেখুন

কচুয়ার রঘুনাপুর বাজারে সরকারি শেডের উপর থেকে দোকান সরিয়ে নেয়া হয়েছে

কচুয়া প্রতিনিধি

কচুয়া উপজেলার ৮নং কাদলা ইউনিয়নের রঘুনাথপুর বাজারে হাটের সরকারি শেডের উপর থেকে দোকান নির্মাণ করার অভিযোগে প্রশাসনের নির্দেশে দোকান সরিয়ে নেয়া হয়েছে। বৃহস্পতিবার (২৯ অক্টোবর) সকালে ইউনিয়ন ভূমি কর্মকর্তা রবিউল ইসলাম উপস্থিতি থেকে সরকারি শেডের উপর থেকে দোকান সরিয়ে নেয়ার নির্দেশ দিলে দোকান সরিয়ে নেয়া হয়।

স্থানীয়রা জানান, কাদলা মৌজার সাবেক ১৫৫০ দাগের বিএস বর্তমান ২২২৪/৩৭৫৯ এর ৫ শতাংশ জায়গা ক্রয় করেন নুরুল ইসলাম বেপারী। ওই জায়গাটি ব্যক্তি মালিকানা দাবি করে নুরুল ইসলাম বেপারীর ছেলেরা সরকারি

২-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে মাদকসহ গ্রেফতার ১

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে ৪০০ পিস ইয়াবা ট্যাবলেট ও ৭০০ গ্রাম গাঁজাসহ মো. শামীম হোসেন (৪০) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে।

বুধবার (২৮ অক্টোবর) ফরিদগঞ্জ উপজেলার সানকিসাইর (শহীদ সৈয়দ নগর) এলাকার উকিল বাড়িতে তাঁর নিজ দখলীয় বসতঘরে অভিযান চালিয়ে এসব মাদকদ্রব্য

২-এর পাতায় দেখুন

কচুয়ায় ইয়াবাসহ আটক ১

কচুয়া প্রতিনিধি

কচুয়ায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে ৫০০ পিস ইয়াবা ট্যাবলেটসহ মো. ইদ্রিস হোসেন (৩৮) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে।

বৃহস্পতিবার (২৯ অক্টোবর) চাঁদপুরের কচুয়া পৌরসভার ১ নম্বর ওয়ার্ডের কোয়া চাঁদপুর এলাকার লতিফ প্রধানীয়া বাড়িতে এ অভিযান পরিচালনা করা হয়। গ্রেপ্তার মোইদ্রিস হোসেন ওই এলাকার মৃত আলী হোসেন ও বুলু বেগমের ছেলে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ

২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে টপসয়েল কাটায় ড্রেজার ও পাইপ ধ্বংস

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে অবৈধভাবে কৃষিজমির উপরিভাগের মাটি (টপসয়েল) কেটে অন্যত্র পরিবহনের বিরুদ্ধে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়েছে।

বৃহস্পতিবার (২৯ অক্টোবর ২০২৬) দিনব্যাপী উপজেলার বাকিলা ইউনিয়ন ও দ্বাদশগ্রাম ইউনিয়নে এ অভিযান পরিচালিত হয়। অভিযানে আনুমানিক ১৫০টি ড্রেজার পাইপ সম্পূর্ণ বিনষ্ট এবং তিনটি ড্রেজার

২-এর পাতায় দেখুন

নামাজের সময়সূচী

৩০ অক্টোবর ২০২৬

শুক্রবার

ফজর শুরু	ভোর ৪.৪৬
যোহর শুরু	দুপুর ১১.৪৬
আসর শুরু	বিকেল ৩.৪৮
মাগরিব শুরু	সন্ধ্যা ৫.২৮
এশা শুরু	রাত ৭.৪২

সূত্র: ইসলামিক ফাউন্ডেশন

চাঁদপুরে ১০ বছর বয়সে কুরআনের হিফজ সম্পন্ন করল আশ্রাফ

সদর প্রতিনিধি

মাত্র ১০ বছর বয়সেই পবিত্র কুরআনের ৩০ পারা হিফজ সম্পন্ন করেছে ক্ষুদে শিক্ষার্থী মো. আশ্রাফ আহমেদ নবীন। দীর্ঘ ১ বছর ৯ মাস ১০ দিনের অধ্যবসায়ে কুরআন মুখস্থ করে এ কৃতিত্ব অর্জন করেছে সে। তার এ সাফল্যে পরিবার, শিক্ষক ও মাদরাসার সংশ্লিষ্টদের

২-এর পাতায় দেখুন

হাইমচরে ইয়াবা ও মাদক সেবনের অভিযোগে ৪ জন গ্রেফতার

হাইমচর প্রতিনিধি

হাইমচর উপজেলায় পুলিশের পৃথক অভিযানে তিনটি ঘটনায় মোট চারজনকে গ্রেপ্তার করা হয়েছে। এর মধ্যে ১১০ পিস ইয়াবাসহ ১জন, ৪ পিস ইয়াবাসহ ২ যুবককে গ্রেপ্তার করা হয়েছে। এ ছাড়া মদ ও ইয়াবা সেবন করে মাতলামি করার অপরাধে আরও এক ব্যক্তিকে গ্রেফতার করেছে বলে হাইমচর থানা পুলিশের পৃথক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

হাইমচর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ শাহ্ আলম, পিপিএম-সেবা-এর

২-এর পাতায় দেখুন

জুলাই গণঅভ্যুত্থানে কুষ্টিয়ায় ছয়জনকে হত্যা

মাহবুব-উল আলম হানিফের মৃত্যুদণ্ড ও তিনজনের আমৃত্যু কারাদণ্ড

দিগন্ত ডেস্ক

জুলাই গণঅভ্যুত্থানের সময় কুষ্টিয়ায় ছয়জনকে হত্যার ঘটনায় মানবতাবিরোধী অপরাধের মামলায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মাহবুব-উল আলম হানিফের মৃত্যুদণ্ড ও তিনজনের আমৃত্যু কারাদণ্ড দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। বৃহস্পতিবার ট্রাইব্যুনাল-২-এর চেয়ারম্যান বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের বিচারিক প্যানেল এ রায় ঘোষণা করেন। প্যানেলের অন্য দুই সদস্যরা হলেন বিচারক মো: মঞ্জুরুল বাছিদ ও বিচারক নূর মোহাম্মদ শাহরিয়ার কবীর। আমৃত্যুকারাদণ্ড প্রাপ্ত তিনজন হলেন কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সভাপতি সদরউদ্দিন খান, সাধারণ সম্পাদক আজগর আলী ও কুষ্টিয়া শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আতাউর রহমান আতা। মামলার চার আসামিই পলাতক। একইভাবে তাদের সম্পত্তি বাজেয়াপ্ত করে জুলাই শহীদ পরিবারের ২-এর পাতায় দেখুন



মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
শুক্রবার ৩০ অক্টোবর ২০২৬, ১৪ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ, ১৮ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
৫৯, হাজী মহসিন রোড, ঢাকা কনফেকশনারির বিপরীত পার্শ্বে, স্পোর্টস গ্যালারির সাথেই নিচতলায়, চাঁদপুর।
01974-924300

ডা. শফিকুর রহমানের সঙ্গে ইইউ প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ

দিগন্ত ডেস্ক

জামায়াত আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত মাইকেল মিলার; বৈঠকে জুলাই সনদ, গণভোটের রায় বাস্তবায়ন, সংসদে সরকারি ও বিরোধী দলের ভূমিকা, সংস্কার প্রক্রিয়া এবং বাংলাদেশ-ইইউর দ্বিপক্ষীয় সম্পর্ক নিয়ে আলোচনা হয়। বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমীর ও জাতীয়

● ২-এর পাতায় দেখুন

ঠাকুরগাঁও উপনির্বাচনে ব্যালটে সিল মারাসহ ব্যাপক অনিয়মের অভিযোগ

দিগন্ত ডেস্ক

ঠাকুরগাঁও-১ আসনের উপনির্বাচন ঘিরে দিনজুড়ে ছিল রাজনৈতিক উত্তেজনা ও নানা অভিযোগ। ভোটগ্রহণ চলাকালীন বিরোধী দলগুলো নির্বাচনে ব্যাপক অনিয়ম, কারচুপি এবং নির্দিষ্ট প্রতীকে জোরপূর্বক সিল মারার অভিযোগ করে।

নির্বাচন চলাকালে ১১ দলীয় ঐক্য ও জামায়াতে ইসলামীর পক্ষ থেকে অভিযোগ করা হয়, কয়েকটি কেন্দ্রে ভোটারদের ভয়ভীতি দেখানো হয়েছে এবং নিরপেক্ষ পরিবেশ বজায় রাখতে স্থানীয় প্রশাসন ব্যর্থ হয়েছে।

বিরোধী প্রার্থীরা সংবাদ সম্মেলনে হুঁশিয়ারি দিয়ে জানান, ভোটে কোনো প্রকার সূক্ষ্ম কারচুপি বা সিল মারার ঘটনা ঘটলে রাজপথে আন্দোলন জোরদার করা হবে।

তবে দিন শেষে ঢাকা থেকে ডিজিটাল মনিটরিং ও কেন্দ্র তদারকি শেষে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) জানান, বিরোধী প্রার্থীর উত্থাপিত অনিয়মের কোনো দৃশ্যমান প্রমাণ ইসি পায়নি। নির্বাচন

● ২-এর পাতায় দেখুন

তাহসিফের শরীরে আঘাতের চিহ্ন নেই, নাক দিয়ে বের হচ্ছিল রক্ত

দিগন্ত ডেস্ক

বিমান বাহিনীর সাবেক ফ্লাইট লেফটেন্যান্ট কে এম তাহসিফের শরীরে কোনো আঘাতের চিহ্ন পায়নি পুলিশ। তবে তাঁর নাক দিয়ে রক্ত বের হওয়ার তথ্য উঠে এসেছে সুরতহাল প্রতিবেদনে। বুধবার (২৮ অক্টোবর) বিকাল পৌনে ৬টার দিকে তুরাগ নদের রাজাবাড়ী ঘাটের পাশ থেকে ভাসমান অবস্থায় তাঁর মরদেহ উদ্ধার করা হয়।

বৃহস্পতিবার (২৯ অক্টোবর) সকালে গাজীপুরের টঙ্গী নৌ-পুলিশ

● ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে বিশ্ব হাত ধোয়া দিবসের প্রদর্শনীতে উপস্থিত উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. ইবনে আল জায়েদ হোসেন।

হাজীগঞ্জে বিশ্ব হাত ধোয়া দিবস পালিত

ইউসুফ বেপারী

হাজীগঞ্জে বিশ্ব হাত ধোয়া দিবস উপলক্ষে র‌্যালি, প্রদর্শনী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। নিয়ম মেনে হাত ধোয়ার অভ্যাস গড়ে তোলা এবং বিভিন্ন রোগ প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে এ কর্মসূচির আয়োজন করা হয়।

বৃহস্পতিবার (২৯ অক্টোবর) দুপুরে উপজেলা প্রশাসন ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উদ্যোগে হাজীগঞ্জ আমিন মেমোরিয়াল উচ্চ বিদ্যালয় ও আমিন মেমোরিয়াল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ কর্মসূচি পালন করা হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. ইবনে আল জায়েদ হোসেনের সভাপতিত্বে বিদ্যালয় মাঠে আয়োজিত অনুষ্ঠানের শুরুতে একটি বর্ণাঢ্য র‌্যালি বের করা হয়। পরে সঠিক পদ্ধতিতে হাত ধোয়ার বিভিন্ন ধাপ তুলে ধরে প্রদর্শনী অনুষ্ঠিত হয়। আলোচনা সভায়

● ২-এর পাতায় দেখুন

মতলব উত্তর উপজেলা আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা

শামীম মিয়াজী

মতলব উত্তর উপজেলা আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা ও উপজেলা পরিষদের সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (২৯ অক্টোবর) বেলা ১১টার সময় উপজেলা পরিষদের সভাকক্ষে আয়োজিত এ সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার

মতলব উত্তর উপজেলা আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মাহমুদা কুলসুম মনি।

মাহমুদা কুলসুম মনি। আরো বক্তব্য রাখেন, মতলব উত্তর থানার ওসি মানষ বড়ুয়া, চাঁদপুর জেলা বিএনপির সদস্য ও উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আলমগীর সরকার, মতলব উত্তর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মিয়া মনজুর আমিন স্বপন, উপজেলা কৃষি কর্মকর্তা ফয়সাল মোহাম্মদ আলী, প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ শ্যামল দাস, গজরা ইউপি চেয়ারম্যান শহীদ উল্লা প্রধান,

● ২-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে এসএসসি-২০০১ ব্যাচের উদ্যোগে জিপিএ-৫ প্রাপ্ত কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান।

ফরিদগঞ্জে এসএসসি-২০০১ ব্যাচের জিপিএ-৫ প্রাপ্ত কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা

ইয়াছিন পালোয়ান

ফরিদগঞ্জে এসএসসি পরীক্ষা-২০২৬-এ ফরিদগঞ্জ এ.আর. পাইলট মডেল সরকারি উচ্চ বিদ্যালয় থেকে জিপিএ-৫ অর্জনকারী ১৫ জন কৃতী শিক্ষার্থীকে সংবর্ধনা দিয়েছে ফরিদগঞ্জ এ.আর. পাইলট মডেল সরকারি উচ্চ বিদ্যালয়ের এসএসসি-২০০১ ব্যাচ।

২৯ অক্টোবর (বৃহস্পতিবার) বেলা ১১টায় বিদ্যালয়ের হলরুমে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। পবিত্র কোরআন তেলাওয়াতের মধ্য দিয়ে অনুষ্ঠানের কার্যক্রম শুরু হয়। বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হাসিনা আক্তারের সভাপতিত্বে ও এসএসসি-২০০১ ব্যাচের সদস্য মো. ইমাম হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফরিদগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মেহেদী হাসান মানিক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

● ৩-এর পাতায় দেখুন

মা ইলিশ রক্ষায় ২২ দিনের অভিযানে

হাইমচরে ১ কোটি ৩৫ লাখ ৪০ হাজার টাকার জাল জব্দ

আক্তার হোসেন

মা ইলিশের প্রজনন নির্বিঘ্ন রাখতে হাইমচরে পরিচালিত সংরক্ষণ অভিযানে জব্দ করা হয়েছে ৬৯ লাখ ৭০ হাজার মিটার অবৈধ জাল, ৫৫০ কেজি ইলিশ ও ২২টি নৌকা। ৮ অক্টোবর থেকে ২৯ অক্টোবর পর্যন্ত পরিচালিত এসব অভিযানে ৫৭ জনকে কারাদণ্ড দেয়া হয়েছে। এ ছাড়া ২৯টি নিয়মিত মামলা দায়ের এবং ১ লাখ টাকা জরিমানা আদায় করা হয়েছে।

চাঁদপুর জেলা মৎস্য বিভাগের ‘মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৬’-এর সর্বমোট প্রতিবেদন থেকে এসব তথ্য জানা গেছে।

প্রতিবেদন অনুযায়ী, অভিযান চলাকালে হাইমচরে মোট ৪৪টি অভিযান পরিচালনা করা হয়। এ সময় ৫টি মোবাইল কোর্ট পরিচালনার পাশাপাশি ৮৪টি মাছঘাট, ৩৫৯টি আড়ৎ ও ৬৭টি বাজার পরিদর্শন করা হয়।

অভিযানে জব্দ করা জালের আনুমানিক মূল্য ১ কোটি ৩৫ লাখ ৪০ হাজার টাকা। পাশাপাশি জব্দ করা হয় ২২টি নৌকা। নিষেধাজ্ঞা অমান্য করে ইলিশ আহরণ ও সংশ্লিষ্ট অপরাধের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা হিসেবে ২৯টি নিয়মিত মামলা করা হয়। এর মধ্যে

● ৩-এর পাতায় দেখুন

সুবিদপুর দারুল কুরআন মাদরাসায় আনন্দ র‌্যালি।

সুবিদপুর দারুল কুরআন মাদরাসায় আনন্দ র‌্যালি

ফরিদগঞ্জ প্রতিনিধি

হুফফাজুল কুরআন ফাউন্ডেশন বাংলাদেশ, চাঁদপুর জেলা শাখা কর্তৃক আয়োজিত কোরআন প্রতিযোগিতায় ৫ পারা গ্রুপে নবম স্থান অর্জন করেছে ফরিদগঞ্জ উপজেলার সুবিদপুর দারুল কুরআন ইসলামিয়া মাদরাসার শিক্ষার্থী আব্দুল্লাহ আল মাহীদ। তার এ কৃতিত্বে মাদরাসা কর্তৃপক্ষ, শিক্ষক-শিক্ষার্থী ও এলাকাবাসীর মধ্যে আনন্দের সৃষ্টি হয়েছে।

এ উপলক্ষে মাদরাসার পক্ষ থেকে আব্দুল্লাহ আল মাহীদকে সংবর্ধনা ও শুভেচ্ছা জানানো হয়। একই সঙ্গে তার

● ৩-এর পাতায় দেখুন

৭৬নং ফতেপুর সপ্রাবি'র মেধাবী শিক্ষার্থীদের পুরস্কার বিতরণ ও অভিভাবক সমাবেশ

শামীম মিয়াজী

চাঁদপুর জেলা বিএনপির সদস্য আলমগীর সরকার বলেছেন, সন্তানদের পড়াশোনার পাশাপাশি তাদের নৈতিক শিক্ষা ও মানসিক বিকাশের দিকে নজর দিন। সন্তানদের শিক্ষিত করে তোলতে মায়েদের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। কারণ বেশির ভাগ সময়টা শিশুরা মায়ের কাছেই থাকে। শিক্ষকদেরও অনুরোধ করব, শিক্ষার্থীদের স্নেহ ও যত্নের মাধ্যমে সুশিক্ষায় শিক্ষিত করে গড়ে তুলুন। আসুন, আমরা সবাই মিলে শিক্ষাবান্ধব পরিবেশ

৭৬নং ফতেপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মেধাবী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করছেন অতিথিবৃন্দ।

তৈরি করি এবং একটি শিক্ষিত, মানবিক ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার প্রত্যয়ে কাজ করি। বৃহস্পতিবার (২৯ অক্টোবর) বিকালে মতলব উত্তর উপজেলার ৭৬নং ফতেপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মেধাবী শিক্ষার্থীদের পুরস্কার বিতরণ ও অভিভাবক সমাবেশে প্রধান

● ৩-এর পাতায় দেখুন

ভূমি অফিসের সেবা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে গণশুনানীতে প্রধান অতিথির বক্তব্য রাখছেন সহকারী কমিশনার (ভূমি) প্রত্যয় হাশেম।

আমরা জনসাধারণের ভূমি বিষয়ক সমস্যা সমাধানের চেষ্টা করছি

------- সহকারী কমিশনার (ভূমি) প্রত্যয় হাশেম

শহর প্রতিনিধি

‘ভূমিখাতে চাই স্বচ্ছতা, জবাবদিহিতা, সেবার সহজীকরণ ও জনভোগান্তি হ্রাস’ এই শ্লোগান নিয়ে সচেতন নাগরিক কমিটি (সনাক), চাঁদপুর-এর আয়োজনে এবং সদর উপজেলা ভূমি অফিস ও লক্ষ্মীপুর ইউনিয়ন ভূমি অফিসের সার্বিক সহযোগিতায় ভূমি অফিসের সেবা সম্পর্কিত তথ্য জনসাধারণকে জানানো ও ভূমি অফিসের সেবায় সুশাসন বৃদ্ধির লক্ষ্যে বুধবার (২৮ অক্টোবর) লক্ষ্মীপুর ইউনিয়ন পরিষদ চত্ত্বরে গণশুনানী অনুষ্ঠিত হয়।

সনাক সভাপতি মোঃ আলমগীর পাটওয়ারীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) প্রত্যয় হাশেম।

প্রধান অতিথির বক্তব্যে সহকারী কমিশনার (ভূমি) প্রত্যয় হাশেম উপস্থিত সনসাধারণকে ধন্যবাদ জানান, গণশুনানিতে অংশ নিয়ে প্রশ্ন করার জন্য। তিনি বলেন, আমরা চেষ্টা করছি জনসাধারণের ভূমি বিষয়ক সকল সমস্যা সমাধান করার। এজন্য আপনারা আপনাদের সমস্যাগুলো আমাদেরকে জানাবেন। তিনি বলেন, ভূমি সেবা নিতে গিয়ে আপনারা প্রকৃত তথ্য জেনে কাজ করবেন। প্রয়োজনে অফিসের

● ৩-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে প্রধান শিক্ষক ফিরোজ আলমের অশ্রুসিক্ত বিদায়

ইয়াছিন পালোয়ান

অশ্রু দিয়ে লেখা এ নাম, যেন ভুলে যেও না, হৃদয়ের গভীরে লুকিয়ে রাখতে হয় সেই নাম, যার সঙ্গে জড়িয়ে থাকে জীবনের সেরা সময়, স্মৃতি আর ভালোবাসা। একজন শিক্ষকের কাছে তাঁর কর্মস্থল কেবল একটি বিদ্যালয় নয়, বরং জীবনের অবিচ্ছেদ্য অংশ।

দীর্ঘদিনের কর্মজীবনের ইতি টেনে অবসরজনিত কারণে প্রিয় শিক্ষাপ্রতিষ্ঠান থেকে বিদায় নিতে হলো ফরিদগঞ্জ উপজেলার পাইকপাড়া উত্তর ইউনিয়নের পাইকপাড়া জুনিয়র বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফিরোজ আলমকে। যে বিদ্যালয়ের আঙিনায় শিক্ষার্থী ও সহকর্মীদের সঙ্গে জীবনের গুরুত্বপূর্ণ সময়গুলো কাটিয়েছেন, সেই চেনা আঙিনা ছেড়ে যাওয়ার মুহূর্তে আবেগাপ্লুত হয়ে পড়েন তিনি। তাঁর বিদায়কে ঘিরে বিদ্যালয়জুড়ে সৃষ্টি হয় আবেগঘন পরিবেশ।

বিদায়ী বক্তব্য দিচ্ছেন পাইকপাড়া জুনিয়র বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফিরোজ আলম।

২৯ অক্টোবর (বৃহস্পতিবার) বেলা ১টায় বিদ্যালয়ের শিক্ষক মিলনায়তনে প্রধান শিক্ষক ফিরোজ আলমের সম্মানে বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি এবং ঢাকা মহানগর পূর্ব ছাত্রদলের সহসভাপতি আমিনুল ইসলাম ফরহাদ পাটওয়ারী। তিনি ফরিদগঞ্জের ইউনিয়ন চেয়ারম্যান আবু তাহের আবু পাটওয়ারীর সুযোগ্য পুত্র।

প্রধান শিক্ষক ফিরোজ আলমের বিদায় উপলক্ষে বক্তব্য দিতে গিয়ে আবেগাপ্লুত হয়ে পড়েন প্রধান অতিথি আমিনুল ইসলাম ফরহাদ পাটওয়ারী। বিদায়ী প্রধান শিক্ষকের মানবিক গুণাবলির

● ৩-এর পাতায় দেখুন

শিক্ষার্থীদের হাতে বই তুলে দিচ্ছেন নবরূপ পাঠাগারের সভাপতি পিএম বিল্লালসহ অতিথিবৃন্দ।

যুদ্ধদিনের কথা ও হায়েনার খাঁচায় অদম্য জীবন

নবরূপ পাঠাগারের উদ্যোগে বই দু'টির উপর পাঠ প্রতিযোগিতার আয়োজন

স্টাফ রিপোর্টার

নবরূপ পাঠাগার চাঁদপুরের ব্যবস্থাপনায় আলী যাকের মুক্তিযুদ্ধের গ্রন্থাপাঠের উদ্যোগে মুক্তিযুদ্ধ জাদুঘরের সহযোগিতায় ৫০টি পাঠাগারের যৌথ প্রয়াসে স্কুল পর্যায়ের শিক্ষার্থীদের জন্য মফিদুল

● ৩-এর পাতায় দেখুন

৫ নভেম্বরের মধ্যে প্রাথমিকের সব বই সরবরাহের নির্দেশ

নিজস্ব প্রতিবেদক

আগামী ৫ নভেম্বরের মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য নির্ধারিত সব পাঠ্যবই সরবরাহ শেষ করার নির্দেশ দিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ। একইসঙ্গে আগামী বছর থেকে পুরোনো মেশিনে পাঠ্যবই ছাপালে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে আর কাজ না দেওয়ার হুঁশিয়ারি দিয়েছেন তিনি। গতকাল বৃহস্পতিবার রাজধানীর মাতুয়াইলে বর্ণমালা প্রেস ও গ্লোবাল প্রিন্টিং ইকুইপমেন্ট পরিদর্শনকালে প্রতিমন্ত্রী এসব নির্দেশনা দেন। পরিদর্শনকালে তিনি মুদ্রণপ্রক্রিয়া, ব্যবহৃত যন্ত্রপাতি, কাগজের মান ও বইয়ের ছাপার গুণগত মান পর্যবেক্ষণ করেন। প্রতিমন্ত্রী বলেন, পাঠ্যবই মুদ্রণের দায়িত্ব নেওয়ার অর্থ নির্ধারিত মান বজায় রেখে কাজ সম্পন্ন করা। কাজের ক্ষেত্রে কোনো ধরনের সীমাবদ্ধতা থাকলে তা দরপত্রে অংশগ্রহণের আগেই বিবেচনায় নেওয়া উচিত। মুদ্রণযন্ত্রের সক্ষমতা বা কারিগরি সীমাবদ্ধতার অজুহাতে বইয়ের মানের সঙ্গে আপস করা যাবে না। সরকার যে মানের বই সরবরাহের জন্য কাজ দিচ্ছে, তা নিশ্চিত করা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের দায়িত্ব। বইয়ের ছাপার মান যাচাই করতে গিয়ে কয়েকটি বইয়ে রঙের বিন্যাস ও অ্যালাইনমেন্টে অসংগতি দেখতে পান প্রতিমন্ত্রী। এ ধরনের ত্রুটি যেন ছাপা বইয়ের বড় অংশে ছড়িয়ে

● ৩-এর পাতায় দেখুন

আবার বাড়লো স্বর্ণের দাম

নিজস্ব প্রতিবেদক

টানা চার দফা কমার পর দেশের বাজারে স্বর্ণের দাম বাড়ানোর এক দিন পর আবারও দাম বাড়ালো বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশন (বাজুস)। গতকাল বৃহস্পতিবার সকাল ১০টা থেকে নতুন দাম কার্যকর হয়েছে। নতুন দর অনুযায়ী,

● ৩-এর পাতায় দেখুন

ইতিহাসে ৩০ অক্টোবর

১৯১৮ সালে প্রথম বিশ্বযুদ্ধে তুরস্ক আত্মসমর্পণ করে। ১৯৪৫ সালে ভারত জাতিসংঘের সদস্য পদ লাভ করে। ১৯৫২ সালে ঢাকায় এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠিত হয়। ১৯৯২ সালে পৃথিবী গোলাকার বলে গ্যালিলিও মতবাদ যে সত্য ছিল, তা রোমান ক্যাথলিক চার্চ স্বীকার করে নেয় ৩৬০ বছর পর। ২০১৪ সালে সুইডেন ইউরোপীয় ইউনিয়নের প্রথম সদস্য রাষ্ট্র হিসেবে ফিলিস্তিনকে স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়।

উপদেষ্টা সম্পাদক ঃ অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান, সম্পাদক ও প্রকাশক ঃ এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া, নির্বাহী সম্পাদক ঃ মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী, যুগ্ম সম্পাদক : আব্দুস শুকুর মন্তান, ব্যবস্থাপনা সম্পাদক ঃ এ্যাডভোকেট শাহজাহান খান, যুগ্ম বার্তা সম্পাদক ঃ আদনান আল মুরাদ, মফস্বল সম্পাদক ঃ এম এ গফুর, বিশেষ প্রতিনিধি ঃ আবু সুফিয়ান ভূইয়া, আইটি ইনচার্জ ঃ জি এম এমরান হোসেন সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত
শুক্রবার ॥ ৩০ অক্টোবর ২০২৬

সম্পাদকীয়

মাধ্যমিকের বই ছাপায় ধীরগতি

বছরের শুরুর দিনই পাঠ্যবই পৌঁছানো হোক

প্রাথমিক ও মাধ্যমিকে বিপুলসংখ্যক শিক্ষার্থী শিখনঘাটতি নিয়ে পরবর্তী শ্রেণিতে উঠছে। শিক্ষক ও শিক্ষা উপকরণের ঘাটতি এর বড় কারণ হলেও শিক্ষার্থীদের হাতে সময়মতো পাঠ্যবই তুলে দিতে না পারার ব্যর্থতাও এ ক্ষেত্রে ভূমিকা রাখছে। গত দুই শিক্ষাবর্ষের অভিজ্ঞতা তার বড় দৃষ্টান্ত। অন্তর্বর্তী সরকারের আমলে সময়মতো পাঠ্যবই ছাপা না হওয়ায় ক্ষতি হয়েছে শিক্ষার্থীদের। এবারেও নতুন শিক্ষাবর্ষের শুরুতেই সব শিক্ষার্থীর হাতে বিনা মূল্যের পাঠ্যবই তুলে দেওয়া যাবে কি না, তা নিয়ে সংশয় তৈরি হয়েছে। ফি বছর এমন মন্দ দৃষ্টান্তের পুনরাবৃত্তি কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। খবর জানাচ্ছে, আগামী শিক্ষাবর্ষে প্রাক্-প্রাথমিক থেকে নবম-দশম শ্রেণি পর্যন্ত প্রায় ৩১ কোটি বই ছাপা হচ্ছে। প্রাথমিকের ক্ষেত্রে অগ্রগতি আশাব্যঞ্জক। ২০ অক্টোবর পর্যন্ত ৮৬ শতাংশের বেশি বই ছাপা হয়েছে, সরবরাহ করা হয়েছে ৭৪ শতাংশ। কিন্তু মাধ্যমিকের চিত্র ভিন্ন। ২০ কোটি ৮৪ লাখের বেশি বইয়ের প্রায় অর্ধেক ছাপা হলেও সরবরাহ হয়েছে মাত্র ৪০ শতাংশ। আরও উদ্বেগের বিষয়, নবম-দশম শ্রেণির মাত্র ৩ শতাংশের মতো বই সরবরাহ করা হয়েছে। এনসিটিবি বলছে, ৩০ নভেম্বরের মধ্যে বই ছাপা শেষ করে মাঠপর্যায়ে পাঠানোর লক্ষ্য রয়েছে। জানুয়ারিতে শিক্ষার্থীরা সব বই পাবে বলে তারা জানিয়েছে।

মেঘনায় গুলিতে জেলে

আকতার হোসেনসহ কয়েকজন গুলিবিদ্ধ হন। গুরুতর আহত আকতারকে হিজলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

আব্দুল বেপারীর দাবি, চাঁদপুর নৌ পুলিশের একটি অভিযানকারী দল তাঁদের লক্ষ্য করে গুলি চালায়। তবে কীভাবে ওই দলকে চাঁদপুর নৌ পুলিশ হিসেবে শনাক্ত করেছেন, জানতে চাইলে তিনি বলেন, গুলিবর্ষণের পরপরই কিছুটা দূরে আরেকটি অভিযান চালিয়ে কয়েকজন জেলেকে আটক করে চাঁদপুরে নিয়ে যায় নৌ পুলিশের সদস্যরা। এ কারণে তাঁর ধারণা, একই দল গুলি চালিয়েছে।

তবে অভিযোগ অস্বীকার করেছেন চাঁদপুর নৌ পুলিশের সুপার সৈয়দ মুশফিকুর রহমান। তিনি বলেন, বরিশালের হিজলা তাঁদের আওতাধীন এলাকা নয়। ফলে সেখানে তাঁদের কোনো দলের অভিযান চালানোর প্রশ্নই আসে না। এ ঘটনায় কেউ নিহত হয়েছেন কি না, সে বিষয়েও তিনি কিছু জানেন না বলে জানান।

মেমানিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আফসার উদ্দিন জানান, বৃহস্পতিবার ভোরে কয়েকজন জেলে তাঁকে মেঘনা নদীতে একজন জেলে গুলিবিদ্ধ হওয়ার খবর দেন। পরে তিনি ঘটনাস্থলে গিয়ে ওই জেলেকে উদ্ধারে উদ্যোগ নেন। হিজলা পুলিশকে খবর দিলে তারা গিয়ে আহত জেলেকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। তবে কে বা কারা গুলি চালিয়েছে, তা এখনও জানা যায়নি।

হিজলা উপজেলা মৎস্য কর্মকর্তা কে এম মাহফুজুর রহমান বলেন, বৃহস্পতিবার সকালে তিনি মেঘনা নদীতে জেলে গুলিবিদ্ধ হওয়ার খবর পেয়েছেন। মৎস্য অধিদপ্তরের কোনো অভিযানকারী দল ওই সময় নদীতে ছিল না। অন্য কোনো জেলার অভিযানকারী দল সেখানে অভিযান চালিয়ে থাকতে পারে।

হিজলা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সোলাইমান হোসেন বলেন, পুরো বিষয়টি তদন্তাধীন। নিহতের মরদেহ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। তদন্তের পর এ ঘটনায় পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মাতারবাড়ী বন্দর নিয়ে

বন্ধুরাষ্ট্রগুলোর বিষয়ে সতর্ক থাকার আহ্বান জানিয়ে তিনি বলেন, জাপান, চীন কিংবা যেকোনো বন্ধুরাষ্ট্রই হোক না কেন, সবার আগে বাংলাদেশের সার্বভৌমত্ব, নিরাপত্তা ও জাতীয় স্বার্থকে সর্বোচ্চ প্রাধান্য দিতে হবে। দেশের স্বার্থ ও নিরাপত্তা সুরক্ষার মূল দায়িত্ব বর্তমান সরকারের। এ ক্ষেত্রে সরকারের পক্ষ থেকে কোনো ধরনের ব্যর্থতা কিংবা আপসকামিতা জনগণ একেবারেই দেখতে চায় না।

নিষেধাজ্ঞা শেষে মেঘনায়

০৮ অক্টোবর থেকে ২৯ অক্টোবর ২০২৬ পর্যন্ত জেলাজুড়ে পরিচালিত এই অভিযানে জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ের তথ্য অনুযায়ী: মোট ২০৬টি অভিযান ও ৭২টি মোবাইল কোর্ট পরিচালিত হয়।প্রায় ৩ মেট্রিক টন মা ইলিশ জব্দ করা হয়।আইন অমান্য করার দায়ে ১৬১টি মামলা দায়ের করা হয় এবং বিভিন্ন মেয়াদে ১৮৩ জন জেলেকে কারাদণ্ড প্রদান করা হয়।এছাড়া ৩৭টি অবতরণ কেন্দ্র, ২৫৫টি ঘাট, ১,৩১০টি আড়ত এবং ২৮০টি বাজার পরিদর্শন করা হয়।

অন্যদিকে, চাঁদপুর সদর নৌ থানার পক্ষ থেকে জানানো হয় যে, প্রজনন ও বংশবৃদ্ধি নিশ্চিত করতে নৌ পুলিশও নিয়মিত ও বিশেষ অভিযান পরিচালনা করেছে। এই সময়ে মৎস্য সুরক্ষা আইন অসংক্রান্ত ১৩০টি ও পুলিশ অ্যাসল্ট সংক্রান্ত ২টিসহ মোট ১৩২টি মামলা দায়ের করা হয়। অভিযানে সর্বমোট ৪৬৩ জনকে আটক করা হয়, যার মধ্যে ৩৪৩ জনকে গ্রেপ্তার দেখানো হয়েছে এবং ১২০ জন শিশুকে মুচলেকা নিয়ে অভিভাবকদের জিম্মায় ছেড়ে দেওয়া হয়। এ সময় প্রায় ৩০,৯০,৫৮৫ মিটার অবৈধ কারেন্ট জাল, ১,৩২০ কেজি মাছ এবং ৭৭টি নৌকা জব্দ করা হয়।

অভিযানকালে সংঘবদ্ধ জেলেদের হামলার শিকার হয়েও পুলিশ সদস্যরা সাহসিকতা ও পেশাদারত্বের সাথে দায়িত্ব পালন করেন। মা-ইলিশ রক্ষায় সরকারের পক্ষ থেকে চাঁদপুর জেলার ৪২ হাজার ৭৯০ জন নিবন্ধিত জেলেকে জনপ্রতি ২৫ কেজি করে প্রণোদনার চাল দেওয়া হয়েছে। তবে মাঠপর্যায়ে জেলের ক্ষোভ ও আক্ষেপও রয়েছে। অনেক জেলের অভিযোগ, প্রকৃত অনেক জেলে সরকারি সহায়তা থেকে বঞ্চিত হয়েছেন, অথচ নদীতে কখনো যাননি এমন অনেকে কার্ড পেয়েছেন। এছাড়া নিষেধাজ্ঞা মেনে চলায় মহাজন ও এনজিও থেকে ঋণ নিয়ে পরিবার চালাতে হয়েছে অনেককে। যারা সরকারি চাল পেয়েও আইন অমান্য করে মা ইলিশ শিকার করেছে, তাদেরকে চিহ্নিত করে পরবর্তী সরকারি সহায়তা থেকে বাদ দেওয়ার দাবি জানিয়েছেন ভুক্তভোগী জেলেরা।

চাঁদপুর জেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ ফখরুল ইসলাম বলেন, "জেলা-উপজেলা টাস্কফোর্স কমিটির মাধ্যমে সমন্বয় করে দিনরাত আমরা আমাদের সামর্থ্যরে সর্বোচ্চ দিয়ে অভিযান সফল করার চেষ্টা করেছি। যারা আইন অমান্য করেছে তাদের আইনের আওতায় আনা হয়েছে। আশা করছি এবার নদীতে মাছের উৎপাদন আরও বাড়বে এবং জেলেরা নদীতে নামলে সুফল পাবেন।"

উল্লেখ্য, মা ইলিশের প্রজনন নির্বিঘ্ন করা এবং ইলিশের উৎপাদন বহুগুণ বাড়িয়ে জাতীয় অর্থনীতিতে অবদান রাখাই এই ২২ দিনের নিষেধাজ্ঞার মূল লক্ষ্য। নিষেধাজ্ঞা সফল হওয়ায় ভবিষ্যতে ইলিশের উৎপাদন আরও বৃদ্ধি পাবে বলে আশা করছেন সংশ্লিষ্টরা।

হাম উপসর্গে ৭ শিশুর

হাজার ২৫১ জন। এই সময়ে এক হাজার ১৪৯ শিশু নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছে আর হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে এক হাজার ১২৩ শিশু।

স্বাস্থ্য অধিদফতরের তথ্য বলছে, ১৫ মার্চ থেকে আজ পর্যন্ত মোট সন্দেহজনক হাম রোগীর সংখ্যা দুই লাখ ২৬ হাজার ৩৫৭ আর নিশ্চিত হাম রোগীর সংখ্যা ২৩ হাজার ৬৯৫। এর মধ্যে হাসপাতালে ভর্তি হয়েছে মোট দুই লাখ এক হাজার ৪৬৮ রোগী, যাদের মধ্যে এক লাখ ৯৩ হাজার ৩০১ জন ছাড়পত্র পেয়ে ইতোমধ্যে বাড়ি ফিরেছে।

লিগ্যাল এইড কমিটির

কিনা জেল সুপার দেখবেন? মানুষের লিগ্যাল এইডের প্রতি আস্থা বেড়েছে।

চাঁদপুর জেলা চীফ লিগ্যাল এইড অফিসার (বিচারক) সিনিয়র সিভিল জজ মোঃ আবদুল আলীম এর পরিচালনায় বক্তব্য রাখেন বিজ্ঞ অতিরিক্ত চীপ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আসমা জাহান নিপা, চাঁদপুরের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট উজালা রানী চাকমা, চাঁদপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মোঃ খায়রুল কবির, সিভিল জজ তানজিনা আক্তার, চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী, চাঁদপুর জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক অ্যাড. জাকির হোসেন তালুকদার ফয়সাল, জেলা কারাগারের জেল সুপার মোঃ জয়নাল আবেদীন ভূঞা, সিভিল সার্জনের প্রতিনিধি ডাঃ মোহাম্মদ রফিকুল হাসান ফয়সল, ইসলামিক ফাউন্ডেশন এর উপ-পরিচালক মুহাঃ জুলফিকার হাসান, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের সহকারি পরিচালক মোহাম্মদ সফিকুর রহমান, জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালকের প্রতিনিধি আশিকুল ইসলাম, অ্যাডভোকেট বিধু ভূষণ নাথ, অ্যাডভোকেট রেহানা ইয়াছমিন কচি, এড. শামীমা সুলতানা, এড. বিশ্বজিৎ কর রানা, ডিস্টিক ম্যানেজার মমতাজ বেগম সহ লিগ্যাল এইড কমিটির সদস্যগণ।

হাজীগঞ্জে ইনকিলাব মঞ্চের

স্বরাষ্ট্রমন্ত্রী নিখোঁজ হয়েছেন বলে মাইকিং করার পরিস্থিতি তৈরি হতে পারে।'

গণভোট প্রসঙ্গে আব্দুল্লাহ আল জাবের বলেন, জনগণ 'হ্যাঁ' ভোটকে বিজয়ী করেছে। পছন্দ হোক বা না হোক, জনগণের রায় বাস্তবায়ন করতে হবে।

হাজীগঞ্জ বাজার ছাড়াও দোয়াভাঙ্গা, মহামায়া, বাবুরহাট, ওয়ারলেস বাজার, চাঁদপুর শহরের বাসস্ট্যান্ড ও শহীদ মিনার চত্বর এলাকায় মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

কর্মসূচিতে নেতাকর্মীরা ওসমান হাদীসহ সব হত্যাকাণ্ডের বিচার দাবিতে বিভিন্ন স্লোগান দেন।

বাবুরহাটে সড়ক ও ফুটপাত

মুজাহিদুর রহমান স্বাক্ষরিত আদেশে চাঁদপুর সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলীকে এ নির্দেশনা দেওয়া হয়। বিষয়টি নিশ্চিত করেন চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের নাজির ফখরুদ্দিন আহমেদ।

আদালতের আদেশে বলা হয়, গত ২৪ আগস্ট চাঁদপুর পৌরসভার বাবুরহাট এলাকায় সড়ক ও জনপথ অধিদপ্তরের অধিগ্রহণ করা জমিতে গড়ে ওঠা অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়েছিল। তবে চাঁদপুর-মতলব সড়কের বাবুরহাট বাজারসংলগ্ন পশ্চিম পাশে সড়ক বিভাগের জমি ও জনসাধারণের চলাচলের ফুটপাত দখল করে পুনরায় বিভিন্ন স্থাপনা নির্মাণের অভিযোগ রয়েছে।

আদেশে উল্লেখ করা হয়, গুরুত্বপূর্ণ বাণিজ্যিক এলাকা বাবুরহাটে সড়ক সংকুচিত হয়ে নিয়মিত যানজট সৃষ্টি হচ্ছে। এতে যানবাহন ও পথচারীদের স্বাভাবিক চলাচল ব্যাহত হওয়ার পাশাপাশি জনদুর্ভোগ বাড়ছে। সরকারি জমি উচ্ছেদের পর পুনরায় দখল এবং সড়ক-ফুটপাত দখল করে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করা আইনত দণ্ডনীয় অপরাধ হতে পারে বলেও আদেশে উল্লেখ করা হয়েছে।

এ পরিস্থিতিতে সরকারি জমি দখলমুক্ত রাখা এবং যানবাহন ও পথচারীদের নির্বিঘ্ন চলাচল নিশ্চিত করতে প্রয়োজনীয় আইনানুগ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্ব দিয়েছেন আদালত।

আদেশ অনুযায়ী, আগামী ১২ নভেম্বরের মধ্যে সরেজমিনে তদন্ত করে সংশ্লিষ্ট এলাকায় থাকা অবৈধ স্থাপনাগুলো চিহ্নিত করতে হবে। পাশাপাশি দখলদারদের নাম-ঠিকানাসহ বিস্তারিত প্রতিবেদন আদালতে দাখিলের জন্য চাঁদপুর সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলীকে নির্দেশ দেওয়া হয়েছে।

সড়ক দূর্ঘটনায় আহত

দুর্বৃত্তদের হামলায় ইউসুফ খানের ক্ষতিগ্রস্ত দোকানপাট ও বাড়িঘর ঘুরে দেখেন।

এসময় তিনি বলেন, ইউসুফ খান রাজনৈতিক প্রতিহিংসার শিকার হয়ে অনেক ত্যাগ স্বীকার করেছেন। এই ক্ষতি পুরন হবার নয়। আমরা মহান আল্লাহর কাছে তার জন্য উত্তম প্রতিদান কামনা করছি। যারাই এই ন্যাক্কারজনক ঘটনার সাথে জড়িত থাকুক তাদের দৃষ্টান্তমুলক শাস্তি কামনা করছি। এছাড়া আগামী দিনে প্রতিহিংসার রাজনীতি পরিহার করে জনগণের কল্যাণে রাজনীতি করার জন্য সকলের প্রতি তিনি আহবান জানান। এছাড়া তিনি এলাকার বিভিন্ন পেশাজীবি মানুষের সাথে কথা বলেন এবং খোঁজ-খবর নেন।

এসময় উপস্থিত ছিলেন সদর উপজেলা জামায়াতের আমির মাও. আফসার উদ্দিন মিয়াজি, জামায়াত নেতা মো. আবদুস শুক্কুর মস্তান, লক্ষীপুর মডেল ইউনিয়ন জামায়াতের সম্ভাব্য চেয়ারম্যান প্রার্থী মো. কবির হোসেন খান, ৩নং ওয়ার্ডের সম্ভাব্য মেম্বার প্রার্থী মো. আবু তাহের, ৪নং ওয়ার্ডের সম্ভাব্য মেম্বার প্রার্থী হাফেজ বেলাল হোসাইন এবং ইউনিয়ন ও বিভিন্ন ওয়ার্ড জামায়াতের নেতাকর্মী সহ এলাকার গণ্যমান্য ব্যক্তিগণ উপস্থিত ছিলেন।

হাজীগঞ্জে টপসয়েল কাটায়

মেশিন ধ্বংস করা হয়েছে। অভিযান পরিচালনা করেন হাজীগঞ্জ উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মো. ওমর সানী আকন।

অভিযান সূত্রে জানা যায়, উপজেলার বাকিলা ইউনিয়নের মহেশপুর গ্রামে ও দ্বাদশগ্রাম ইউনিয়নের চারিয়ানি গ্রামের তালুকদার বাড়ি ব্রিজসংলগ্ন নাসিরকোট মৌজার বেতাগি বিলে অবৈধভাবে কৃষিজমির টপসয়েল কাটার কাজে ব্যবহৃত ড্রেজার পাইপ ও মেশিনের সন্ধান পাওয়া যায়।

অভিযানকালে ঘটনাস্থলে কোনো অভিযুক্তকে পাওয়া যায়নি। তবে স্থানীয় উপস্থিত ব্যক্তিদের জিজ্ঞাসাবাদে জানা যায়, দিনের বেলায় ড্রেজার পাইপ ও মেশিন স্থাপন করে রাখা হয়। রাতের আঁধারে এসব মেশিন চালু করে পাইপের মাধ্যমে কৃষিজমির উর্বর উপরিভাগের মাটি কেটে অন্যত্র পরিবহন করা হয়। এসব মাটি দিয়ে পুকুরসহ বিভিন্ন জলাশয় ভরাট করা হচ্ছে। এর ফলে পার্শ্ববর্তী কৃষিজমি ধসে পড়ছে এবং জমির স্বাভাবিক অবস্থা ও উর্বরতা ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা তৈরি হচ্ছে।

নিবর্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি)মো. ওমর সানী আকন জানান, অভিযান পরিচালনা কালে ঘটনাস্থলে অভিযুক্ত কাউকে পাওয়া না দণ্ড প্রদান করা সম্ভব হয়নি। কৃষিজমির উর্বরতা ধরে রাখতে কৃষিজমি রক্ষায় উপজেলা প্রশাসন এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

চাঁদপুরে বিএসটিআইয়ের

বেকারিতে অভিযান চালিয়ে দেখা যায়, অত্যন্ত অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাদ্যদ্রব্য উৎপাদন করা হচ্ছিল। এছাড়া, পণ্যে বিএসটিআইয়ের (ইঝঞও) মিথ্যা ও ভুয়া বিজ্ঞাপন ব্যবহারসহ নানা অসংগতি পাওয়া যায়। এসব অপরাধে প্রতিষ্ঠানটিকে ৫০, হাজার টাকা অর্থদণ্ড দেওয়া হয়। পাশাপাশি, অসংগতিগুলো দূর না হওয়া পর্যন্ত বেকারিটি সাময়িকভাবে বন্ধ রাখার নির্দেশ দিয়ে মালিক সমিতির জিম্মায় রাখা হয়েছে। একই এলাকার চিত্রলেখা মোড়ে অবস্থিত আরেকটি 'লাইভ বেকারি'তে স্বাস্থ্যসম্মত পরিবেশ বজায় না রেখে খাবার উৎপাদন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বৈধ লাইসেন্স না থাকায় ভ্রাম্যমাণ আদালত প্রতিষ্ঠানটিকে ৩০, হাজার টাকা জরিমানা করে। জনস্বার্থে নিরাপদ খাদ্য নিশ্চিত করার এই অভিযানে সার্বিক সহযোগিতা করেন জেলা পুলিশের একটি চৌকস টিম।

প্রশাসন জানিয়েছে, সাধারণ মানুষের স্বাস্থ্য সুরক্ষা ও নিরাপদ খাদ্য নিশ্চিত করতে জেলা প্রশাসনের এ ধরনের অভিযান নিয়মিতভাবে অব্যাহত থাকবে।

কচুয়ার রঘুনাপুর বাজারে সরকারি

শেডের উপর একটি অস্থায়ী দোকান নির্মাণ করেন। এই দোকান নির্মাণ নিয়ে স্থানীয়দের মাঝে মালিকানা জায়গা অথবা সরকারি জায়গা বলে কুতুহল সৃষ্টি হয়। এ নিয়ে বিভিন্ন সরকারি দপ্তরে অভিযোগ করলে স্থানীয় ভূমি অফিস ও সাংবাদিকরা সরেজমিনে আসলে জায়গার মালিক নুরুল ইসলাম বেপারীর ছোট ছেলে ইঞ্জিনিয়ার জহিরুল ইসলাম ৫ শতাংশ জায়গার সকল কাগজপত্র গুলো উপস্থাপনা করেন। খারিজ, দাখিলা, দলিল ও সকল কাগজপত্র যাচাই বাছাই করে দেখে ওই জায়গার প্রকৃতি মালিক নুরুল ইসলাম বেপারী। পরবর্তীতে বৃহস্পতিবার সকালে উপজেলা প্রশাসনের নির্দেশে ইউনিয়ন ভূমি কর্মকর্তা সরকারি শেডের উপর দোকানটি সরিয়ে নেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। বাজারের চারপাশের নির্দিষ্ট পরিধি বা সীমানাভুক্ত (পেরিফেরি) জন্য অপেক্ষা করতে নূরুল ইসলাম বেপারীকে বলে যান ইউনিয়ন ভূমি কর্মকর্তা।

ইউনিয়ন ভূমি কর্মকর্তা রবিউল ইসলাম জানান, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ আবু নাছির স্যারের নির্দেশে সরকারি শেডের উপর থেকে দোকান সরিয়ে নেয়ার জন্য বলা হলে, দোকান সরিয়ে নেয়। জায়গার সঠিক কাগজপত্র থাকলে, বাজারের চারপাশের নির্দিষ্ট পরিধি বা সীমানাভুক্ত করার জন্য অপেক্ষা করতে নূরুল ইসলাম বেপারীকে বলা হয়েছে।

ইঞ্জিনিয়ার জহিরুল ইসলাম বলেন, দোকান নির্মাণ করা হয়েছে, আমার বাবার ক্রয়কৃত জায়গায়। দলিল, খারিজ, দাখিলাসহ সকল কাগজপত্র রয়েছে আমাদের। একটি পক্ষ উদ্দেশ্যপ্রণোদিতভাবে আমার বিরুদ্ধে মিথ্যা তথ্য দিয়ে অপপ্রচার চালিয়ে যাচ্ছে। এই জায়গাটি দীর্ঘদিন ধরে আমাদের দখলে রয়েছে, কয়েক বছর আগে কাউকে না জানিয়ে জোরপূর্বক ঠিকাদার ও এলাকার একটি কুচক্রী মহল ষড়যন্ত্র করে সরকারি শেড আমাদের জায়গার উপর নির্মাণ করেন। আমরা তখন বাধা দিলেও, তারা বাঁধা অপেক্ষা করেও শেড তৈরি করেন।

ফরিদগঞ্জে মাদকসহ

জব্দ করা হয়। গ্রেপ্তার শামীম হোসেন ওই এলাকার মৃত শাহাবুদ্দিনের ছেলে। তিনি বালিথুবা ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের বাসিন্দা।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চাঁদপুর জেলা কার্যালয় সূত্রে জানা গেছে, অভিযানে একটি সিনথেটিক ব্যাগের ভেতর থেকে দুটি নীল রঙের জিপারযুক্ত পলি প্যাকেটে রাখা ৪০০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। এ ছাড়া একই ব্যাগের ভেতর পলিপ্যাকে মোড়ানো ৭০০ গ্রাম গাঁজা জব্দ করা হয়।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) ধারার ১০(ক) ও ১৯(ক) উপধারায় ফরিদগঞ্জ থানায় একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।

অভিযানে বাদী হিসেবে দায়িত্ব পালন করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চাঁদপুর জেলা কার্যালয়ের উপপরিদর্শক মো. সোহেল রানা।

কচুয়ায় ইয়াবাসহ আটক

অধিদপ্তর, চাঁদপুর জেলা কার্যালয় সূত্রে জানা যায়, নিয়মিত অভিযানের অংশ হিসেবে আসামির নিজ দখলীয় বসতঘরে অভিযান চালানো হয়। এ সময় একটি সিনথেটিক শপিং ব্যাগের ভেতরে রাখা তিনটি কালো রঙের জিপারযুক্ত পলিপ্যাকেট থেকে ৫০০ পিস মিথাইল অ্যামফিটামিনযুক্ত ইয়াবা ট্যাবলেট জব্দ করা হয়। জব্দ করা ইয়াবার মোট ওজন ৫০ গ্রাম।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চাঁদপুর জেলা কার্যালয়ের উপপরিদর্শক (এসআই) মো. সোহেল রানা বাদী হয়েছেন।

এ বিষয়ে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে বলে জানা গেছে।

চাঁদপুরে ১০ বছর বয়সে

মধ্যে আনন্দের পরিবেশ সৃষ্টি হয়েছে।

আশ্রাফ আহমেদ নবীন চাঁদপুর সদর উপজেলার পুরানবাজার পশ্চিম শ্রীরামদী এলাকার বাসিন্দা আব্দুল জলিলের ছেলে।

সে চাঁদপুর শহরের পুরানবাজার পূর্ব শ্রীরামদী ৪নং ওয়ার্ডে ব্রিজের গোড়ার পশ্চিম পাশে অবস্থিত উসমান ইবনে আফফান (রা.) মডেল মাদরাসার হিফজ বিভাগ ও পঞ্চম শ্রেণির শিক্ষার্থী।

মাদরাসা সূত্রে জানা যায়, ২০২৫ সালের ১৮ জানুয়ারি পবিত্র কুরআন হিফজ শুরু করে আশ্রাফ। পরে ২০২৬ সালের ২৮ অক্টোবর ৩০ পারা হিফজ সম্পন্ন করে সে। মাদরাসার হিফজ বিভাগের প্রধান শিক্ষক হাফেজ মাওলানা মাছুম বিল্লাহর তত্ত্বাবধানে তার হিফজ কার্যক্রম সম্পন্ন হয়।

আশ্রাফের হিফজ সম্পন্ন উপলক্ষে সম্প্রতি মাদরাসার উদ্যোগে দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে মহান আল্লাহর দরবারে শুকরিয়া আদায় করা হয় এবং আশ্রাফের উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করে বিশেষ দোয়া করা হয়। একই সঙ্গে আশ্রাফের মা-বাবা এবং হিফজের পেছনে নিরলস পরিশ্রম করা শিক্ষকদের অবদানের কথা তুলে ধরা হয়।

মাদরাসার হিফজ বিভাগের প্রধান শিক্ষক হাফেজ মাওলানা মাছুম বিল্লাহ বলেন, পবিত্র কুরআন মানবজাতির জন্য মহান আল্লাহর পক্ষ থেকে নাজিলকৃত সর্বশেষ আসমানি কিতাব। এটি হেদায়েতের আলো, সত্য-মিথ্যার পার্থক্যকারী এবং মানবজীবনের পূর্ণাঙ্গ দিকনির্দেশনা। মহান আল্লাহ নিজেই কুরআন নাজিল করেছেন এবং এর সংরক্ষণের দায়িত্ব নিয়েছেন।

তিনি বলেন, যুগে যুগে অসংখ্য হাফেজ, কুরআনের শিক্ষক ও আলেম কুরআনের মূল আরবি পাঠ সংরক্ষণের ধারায় অবদান রেখে চলেছেন। মাত্র ১০ বছর বয়সে মহান আল্লাহর অশেষ রহমতে আশ্রাফের ৩০ পারা হিফজ সম্পন্ন করা আনন্দের বিষয়। তার এ অর্জনের পেছনে রয়েছে অধ্যবসায়, মা-বাবার সহযোগিতা এবং শিক্ষকদের নিরলস প্রচেষ্টা।

তিনি আরও বলেন, "আমরা দোয়া করি, মহান আল্লাহ যেন আশ্রাফকে পবিত্র কুরআনের শিক্ষা অনুযায়ী জীবন গড়ার তাওফিক দেন এবং দ্বীন ও মানবতার সেবায় নিয়োজিত রাখেন।"

মাদরাসার পরিচালকদের পক্ষ থেকে আশ্রাফ আহমেদ নবীনকে আন্তরিক মোবারকবাদ জানানো হয়েছে। একই সঙ্গে মহান আল্লাহর কাছে দোয়া করা হয়েছে, তিনি যেন আশ্রাফকে কুরআনের একজন হক্কানি হাফেজ হিসেবে কবুল করেন, তার মা-বাবার শ্রম ও ত্যাগের উত্তম প্রতিদান দেন এবং ভবিষ্যতে দ্বীনের দাঈ হিসেবে দেশ ও জাতির খেদমত করার তাওফিক দান করেন।

পাশাপাশি তার হিফজের পেছনে শ্রম দেওয়া শিক্ষকদের প্রচেষ্টা কবুল করে দুনিয়া ও আখিরাতে উত্তম প্রতিদান দেওয়ার প্রার্থনা করা হয়।

হাইমচরে ইয়াবা ও মাদক

সার্বিক দিকনির্দেশনায় এসব অভিযান পরিচালিত হয়।

পুলিশের তথ্য অনুযায়ী, ২৯ অক্টোবর রাত ১টা ৩০ মিনিটের দিকে উপজেলার ৪নং নীলকমল ইউনিয়নের পেদাকান্দি এলাকায় দাদন পেদার বাড়ির সামনের কাঁচা রাস্তা থেকে ছোটন মিয়া (২৭) নামে এক যুবককে গ্রেপ্তার করা হয়। এ সময় তাঁর কাছ থেকে ১১০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়।

গ্রেপ্তার ছোটন মিয়া পেদাকান্দি গ্রামের মোশারফ পেদা ও রাশিদা বেগমের ছেলে। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) সারণির ১০(ক)/৪১ ধারায় হাইমচর থানায় মামলা করা হয়েছে। মামলার নং-৪৭। গতকাল ২৯ অক্টোবর তাঁকে আদালতে পাঠানো হয়।

এর আগে ২৮ অক্টোবর রাত ১০টা ২৫ মিনিটের দিকে উপজেলার ৩নং দক্ষিণ আলগী দুর্গাপুর ইউনিয়নের দক্ষিণ আলগী এলাকায় বর্ডারপুল থেকে রামপুর বাজারগামী পাকা সড়কের মাথায় অভিযান চালিয়ে দুই যুবককে গ্রেপ্তার করে পুলিশ। তাঁদের কাছ থেকে ৪ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়।

গ্রেপ্তার ব্যক্তিরা হলেন ফরিদগঞ্জ উপজেলার ১২নং চরদুখিয়া ইউনিয়নের চরদুখিয়া গ্রামের মৃত অলি আহম্মদ মিজির ছেলে মো. ইমরান মিজি (২১) এবং বিষকাটালী গ্রামের বিল্লাল খন্দকারের ছেলে মো. রাকিব হোসেন (২৫)। হাইমচর থানার এসআই আমিনুর রাহিমের নেতৃত্বে পরিচালিত এ অভিযানের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) সারণির ১০(ক) ধারায় মামলা হয়েছে। মামলার নম্বর ৪৬, তারিখ ২৯ অক্টোবর ২০২৬।

অন্যদিকে, উপজেলার চরভৈরবী ইউনিয়নের জালিয়ারচর গ্রামের প্রধানীয়া কান্দি নদীর পাড়ে নিজ বসতঘর থেকে মো. মনির হোসেন প্রধানীয়া (৪৮) নামে এক ব্যক্তিকে আটক করে পুলিশ। তাঁর বিরুদ্ধে মদ ও ইয়াবা সেবন করে মাতলামি করার অভিযোগ আনা হয়েছে।

হাইমচর থানার এএসআই হান্নান উদ্দিনের নেতৃত্বে পুলিশ তাঁকে আটক করে। পরে চাঁদপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে পরীক্ষার পর প্রতিবেদনে অ্যামফেটামিন (অগচ) ও মেথামফেটামিন (গঅগচ)–উভয় ক্ষেত্রেই পজিটিভ ফল আসে বলে পুলিশের বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) সারণির ১৬ ও ২৫ ধারায় মামলা হয়েছে। মামলার নম্বর ৪৮, তারিখ ২৯ অক্টোবর ২০২৬। পরে তাঁকে পুলিশি পাহারায় আদালতে পাঠানো হয়।

হাইমচর থানা পুলিশ জানিয়েছে, তিনটি পৃথক ঘটনায় আইনগত ব্যবস্থা নেয়া হয়েছে।

মাহবুব-উল আলম হানিফের

দিতে বলা হয়েছে। আসামিদের বিরুদ্ধে তিনটি অভিযোগ আনা হয়, তা হলো প্রথম অভিযোগ : ২০২৪ সালের ২৭ জুলাই কুষ্টিয়া জেলা আওয়ামী লীগ কার্যালয়ে উসকানিমূলক ওই বক্তব্যের মাধ্যমেই আন্দোলনকারীদের ওপর গুলি চালিয়ে হত্যা ও নির্যাতনের পথ প্রশস্ত করা হয়।

দ্বিতীয় অভিযোগ : ২৭ জুলাইয়ের সেই সুনির্দিষ্ট উসকানি ও নির্দেশের ফলশ্রুতিতেই ৫ আগস্ট কুষ্টিয়া শহরে আইনশৃঙ্খলা বাহিনী ও আওয়ামী সশস্ত্র সন্ত্রাসীদের নির্বিচার গুলিতে শহীদ হন আশরাফুল, সুরুজ আলী বাবু, মুস্তাকিন, উসামা, বাবলু ফরাজী ও ইউসুফ শেখ। পাশাপাশি গুরুতর আহত হন আরো তিন থেকে পাঁচজন ছাত্র-জনতা।

তৃতীয় অভিযোগ : ১৪ দলীয় জোট সরকারের ক্ষমতা চিরস্থায়ী করার লক্ষ্যে ছাত্র-জনতার আন্দোলন দমনে ড্রোন উড্ডয়নের মাধ্যমে অবস্থান শনাক্তকরণ, হেলিকপ্টার ব্যবহার করে গুলি বর্ষণ এবং প্রাণঘাতী অস্ত্র (খবঃযধষ ডবধঢ়ড়হ) প্রয়োগের কেন্দ্রীয় পরিকল্পনার অংশ ছিল এটি। দেশব্যাপী ব্যাপক মাত্রায় ও পদ্ধতিগতভাবে সংঘটিত এই অপরাধের সাথে মাহবুব-উল আলম হানিফসহ চার আসামি সরাসরি সম্পৃক্ত থেকে কুষ্টিয়ায় হত্যাযজ্ঞের নেতৃত্ব ও সহায়তা দিয়েছিলেন।

গত ৭ অক্টোবর রাষ্ট্রপক্ষ ও আসামিপক্ষের যুক্তি-পাল্টা যুক্তি খণ্ডন শেষে মামলাটি রায়ের জন্য অপেক্ষমান রাখেন ট্রাইব্যুনাল। পরে মঙ্গলবার (২৭ অক্টোবর) রায় ঘোষণার জন্য আজকের দিন ধার্য করা হয়।

এর আগে, ১০ জুন যুক্তিতর্ক শেষে মামলাটি রায়ের জন্য অপেক্ষমান রাখা হয়েছিল। তবে রাষ্ট্রপক্ষ অতিরিক্ত প্রমাণাদি দাখিল করায় পুনরায় যুক্তিতর্ক উপস্থাপন করা হয়। ২৩ এপ্রিল তদন্ত কর্মকর্তাকে জেরার মধ্য দিয়ে মামলায় ১৯ জন সাক্ষীর সাক্ষ্যগ্রহণ শেষ হয়।

উল্লেখ্য, ২০২৫ সালের ২ নভেম্বর চার আসামির বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ গঠনের মধ্য দিয়ে বিচার শুরুর আদেশ দেন ট্রাইব্যুনাল-২। ওই বছরের ৫ অক্টোবর আনুষ্ঠানিক অভিযোগ দাখিল করে প্রসিকিউশন। পরদিন ৬ অক্টোবর অভিযোগ আমলে নেয়া হয়। মামলায় আসামিদের বিরুদ্ধে উসকানিমূলক বক্তব্য, ষড়যন্ত্র এবং কুষ্টিয়ায় ছয়জনকে হত্যার অভিযোগ আনা হয়েছে।

তাহসিফের শরীরে আঘাতের

ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) মোস্তাফিজুর রহমান মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরি করেন। এতে মরদেহের বাহ্যিক অবস্থা পর্যবেক্ষণের বিভিন্ন তথ্য উল্লেখ করা হয়েছে।

প্রতিবেদন অনুযায়ী, তাহসিফের উচ্চতা ছিল আনুমানিক ৫ ফুট ৭ ইঞ্চি। তাঁর মাথার চুল কালো, মুখে ছোট ছোট কালো দাড়ি ও গোঁফ ছিল। চোখ ও মুখ বন্ধ ছিল। নাক দিয়ে রক্ত বের হতে দেখা যায়। তাঁর পেট ফোলা ছিল।

সুরতহাল প্রতিবেদনে বলা হয়েছে, তাহসিফের বুক, পেট, পিঠ ও দুই পা স্বাভাবিক ছিল। শরীরের কোথাও আঘাতের চিহ্ন পাওয়া যায়নি। মরদেহ উদ্ধারের সময় তাঁর পরনে ছিল কালো রঙের ফুলহাতা কাবলি শার্ট ও সাদা ট্রাউজার।

নৌ-পুলিশের তাৎক্ষণিক প্রতিবেদন অনুযায়ী, তাহসিফের হাতে একটি ঘড়ি ও পকেটে একটি আইফোন পাওয়া যায়। ওই ফোনের মাধ্যমে তাঁর পরিচয় শনাক্ত করা হয়। পরে ময়নাতদন্তের জন্য মরদেহ শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়।

২৮ বছর বয়সী তাহসিফ উত্তরার ১৮ নম্বর সেক্টরে থাকতেন। তাঁর বাড়ি খুলনার সোনাডাঙ্গায়। পরিবারের ভাষ্য অনুযায়ী, ২৭ অক্টোবর দিনভর পরিবারের সদস্যদের সঙ্গে কেনাকাটা করেন তিনি। সন্ধ্যার পর দীপ নামের এক জুনিয়রের ডাকে বাসা থেকে বের হন। এরপর আর ফেরেননি।

পরিবারের সদস্যদের বরাতে জানা গেছে, রাত ১টা ৩৫ মিনিটে 'আম্মু আমি আসছি' লিখে একটি বার্তা পাঠিয়েছিলেন তাহসিফ। এরপর তাঁর সঙ্গে আর যোগাযোগ করা সম্ভব হয়নি। পরে পুলিশের দেওয়া তথ্যের ভিত্তিতে পরিবারের সদস্যরা তাঁর মরদেহের সন্ধান পান।

তাহসিফের মরদেহ উদ্ধারের ঘটনায় পরিবারের পক্ষ থেকে অভিযোগ পেলে মামলা নেওয়া হবে বলে জানিয়েছে পুলিশ। এ ঘটনায় বিভিন্ন আলামত সংগ্রহ করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) ক্রাইম সিন ইউনিট।

শেখ হাসিনার দেশত্যাগের ভিডিও নিয়ে আলোচনা

২০২৪ সালের ৫ আগস্ট তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশত্যাগের যে ভিডিও ছড়িয়ে পড়েছিল, সেটি তাহসিফ ধারণ করেছিলেন বলে আলোচনা রয়েছে। ওই দিন তিনি কুর্মিটোলা বিমানবন্দর থেকে উড়োজাহাজে শেখ হাসিনার দেশত্যাগের দৃশ্য ধারণ করেছিলেন বলে বিভিন্ন সময়ে দাবি করা হয়েছে।

গত জুলাইয়ে একটি পডকাস্টে তাহসিফকে প্রশ্ন করা হয়েছিল, ওই ভিডিও ধারণের কারণে বিমান বাহিনীতে তাঁর চাকরি চলে গিয়েছিল কি না। জবাবে তিনি বলেছিলেন, 'হতে পারে।'

একই অনুষ্ঠানে 'আমার দেশ' পত্রিকার একটি প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে ভারতীয় গোয়েন্দা সংস্থা 'র'-এর সঙ্গে সংশ্লিষ্টতার অভিযোগ আনার বিষয়েও প্রশ্ন করা হয়। জবাবে তাহসিফ ওই প্রতিবেদনকে 'প্রোপাগান্ডা' হিসেবে আখ্যায়িত করেন।

২০২৫ সালের ৪ আগস্ট প্রকাশিত ওই প্রতিবেদন নিয়ে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) প্রতিবাদলিপি দিয়েছিল। এতে বলা হয়, তাহসিফ সুরিসহ দুই কর্মকর্তাকে বিদেশি গোয়েন্দা সংস্থার সঙ্গে সংশ্লিষ্টতার অভিযোগে বাধ্যতামূলক অবসরে পাঠানোর যে দাবি করা হয়েছে, তা সঠিক নয়। তাঁদের বিমান বাহিনীর প্রচলিত আইন ও বিধিমালা অনুযায়ী ভিন্ন প্রেক্ষাপটে যথাযথ প্রক্রিয়ায় অবসরে পাঠানো হয়েছিল। ওই অভিযোগের সঙ্গে অবসরের সিদ্ধান্তের কোনো সম্পর্ক ছিল না বলে জানায় আইএসপিআর।

হাজীগঞ্জে বিশ্ব হাত

বক্তারা বলেন, নিয়মিত ও সঠিক পদ্ধতিতে সাবান দিয়ে হাত ধোয়া ডায়রিয়াসহ বিভিন্ন সংক্রামক রোগের ঝুঁকি কমাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। বিশেষ করে খাবার গ্রহণের আগে ও শৌচাগার ব্যবহারের পর সাবান দিয়ে হাত ধোয়ার অভ্যাস গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন তাঁরা।

এ সময় শিশু-কিশোরদের মধ্যে হাত ধোয়ার সঠিক নিয়ম সম্পর্কে সচেতনতা বাড়ানোর ওপরও গুরুত্ব দেয়া হয়।

কর্মসূচিতে উপস্থিত ছিলেন উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী মোহাম্মদ মাহবুব আফছার, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. মাহবুবুর রহমান, সহকারী শিক্ষা কর্মকর্তা মো. ইলিয়াস, হাজীগঞ্জ প্রেসক্লাবের সভাপতি কামরুজ্জামান টুটুল, সাধারণ সম্পাদক মেহেদী হাছান পাপ্পু, হাজীগঞ্জ আমিন মেমোরিয়াল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক দীপক চন্দ্র দাশ, হাজীগঞ্জ আমিন মেমোরিয়াল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি পাপিয়া সুলতান কাকলি ও প্রধান শিক্ষক মো. সানাউল্লাহ।

এ ছাড়া অনুষ্ঠানে সুধীজন, দুই শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট ব্যক্তিরা অংশ নেন।

মতলব উত্তর উপজেলা

উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সাধারণ সম্পাদক সাংবাদিক শামছুজ্জামান ডলার, সাংবাদিক জাকির হোসেন বাদশা, সাংবাদিক শামীম মিয়াজী সহ আরো অনেকে।

ঠাকুরগাঁও উপনির্বাচনে ব্যালটে

ভবন থেকে সিসিটিভি ক্যামেরা এবং ফিল্ড নজরদারির মাধ্যমে সার্বক্ষণিক তদারকি করা হয়েছে উল্লেখ করে ইসি দাবি করে, ভোট প্রদান প্রক্রিয়া সার্বিকভাবে শান্তিপূর্ণ ছিল এবং ভোটাররা নির্বিঘ্নে তাদের মত প্রকাশ করেছেন। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে এই আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি রাষ্ট্রপতি হিসেবে শপথ নেওয়ায় আসনটি শূন্য ঘোষণা করা হয় এবং গত ১০ সেপ্টেম্বর উপনির্বাচনের তফসিল ঘোষণা করে নির্বাচন কমিশন (ইসি)। এই উপনির্বাচনে পাঁচজন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। তারা হলেন–মির্জা ফখরুল ইসলাম আলমগীরের ভাই ও জেলা বিএনপির সভাপতি মির্জা ফয়সল আমীন (ধানের শীষ), জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিসে শুরার সদস্য ও ঢাকা মহানগর দক্ষিণের সহকারী সেক্রেটারি দেলাওয়ার হোসেন (দাঁড়িপাল্লা), ইসলামী আন্দোলন বাংলাদেশের খাদেমুল ইসলাম (হাতপাখা), বাংলাদেশ খেলাফত আন্দোলনের আব্দুল আলীম নিজামী (বটগাছ) এবং বাংলাদেশ কংগ্রেসের হুসাইন মুহাম্মদ ওমর ফারুক (ডাব)।

ডা. শফিকুর রহমানের সঙ্গে

সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) প্রতিনিধিদলের প্রধান ও রাষ্ট্রদূত মি. মাইকেল মিলার। বৃহস্পতিবার (২৯ অক্টোবর) বিকেল ৩টায় বসুন্ধরায় বিরোধীদলীয় নেতার কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এ সময় মাইকেল মিলারের সঙ্গে ছিলেন দূতাবাসের ফার্স্ট কাউন্সেলর ও রাজনৈতিক কর্মকর্তা মিস কামিলা পার্টিকা। বৈঠকটি আন্তরিক ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়। এতে বাংলাদেশ ও ইউরোপীয় ইউনিয়নের স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। পাশাপাশি, জুলাই সনদ ও গণভোটের রায় বাস্তবায়ন, জাতীয় সংসদে সরকারি ও বিরোধী দলের ভূমিকা এবং সংস্কারপ্রক্রিয়া নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বৈঠকে বাংলাদেশ ও ইউরোপীয় ইউনিয়নের দ্বিপক্ষীয় সম্পর্ক, উন্নয়ন ও অগ্রগতির ধারা ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করা হয়। বৈঠকে আরও উপস্থিত ছিলেন বিরোধীদলীয় নেতার পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা ব্যারিস্টার মীর আহমদ বিন কাসেম আরমান এমপি এবং পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা কমিটির সদস্য আলী আহমাদ মাবরুর।

আকাবা কম্পিউটার একাডেমী
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র
প্রতিষ্ঠাকালঃ ২০০৭
প্রতিষ্ঠান কোডঃ ৬৬০৪৮
ইআইআইএনঃ ১৩৫৬৪১
২৫% ছাড় ভর্তি চলছে!
কম্পিউটার অফিস এপ্লিকেশন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার গ্রাফিক্স ডিজাইন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার হার্ডওয়্যার এন্ড নেটওয়ার্কিং ৩/৬ মাস মেয়াদী
ওয়েব পেজ ডিজাইনিং ৩/৬ মাস মেয়াদী
ফ্রি-ল্যান্সিং
এইচ.এস.সি সিলেবাস অনুযায়ী আইসিটি পড়াই।
অধ্যাপক মিজানুর রহমান ফাহিম
বিপণিবাগ পৌর সুপার মার্কেট
কুমিল্লা রোড, চাঁদপুর,
01712-856510, https://chandpurict.blogspot.com

চলতি মাসের উমরাহ বুকিং চলছে
প্রতি মাসেই উমরাহ বুকিং হবে ইনশা আল্লাহ
প্যাকেজের অন্তর্ভুক্ত
যাবার
ভিসা হোটেল
টিকেট ট্রান্সপোর্ট
যিয়ারাহ ইন্সুরেন্স
সফর হউক আনন্দময়, ইবাদাত হউক তাকওয়াময়
হজ্জ ও উমরাহ করার জন্য আগ্রহীগন যোগাযোগ করুন।

Standard প্যাকেজ	ডাইরেক্ট ফ্লাইট	১,৭৫,০০০
Economy প্যাকেজ	ডাইরেক্ট ফ্লাইট	১,৬০,০০০
Economy প্যাকেজ	ট্রানজিট ফ্লাইট	১,৪৫,০০০

বিগত ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন মুয়াল্লিম দ্বারা সহীহ শুদ্ধভাবে হজ্জ ও উমরাহ পালনের বিশ্বস্ত প্রতিষ্ঠান
চেয়ারম্যান হজ্জ কাফেলা হাজীগঞ্জ, চাঁদপুর।
পরিচালনায়: মাওলানা আবু জাফর সিদ্দিকী
হাজীগঞ্জ টাওয়ার তৃতীয় তলা-দক্ষিণ পূর্ব কর্ণারে, হাজীগঞ্জ, চাঁদপুর।
01613-119652
01871-634121
01629-804375

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের অপ্রতিদ্বন্দ্বি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান মিনিট
চপ, কাকলেট, মোগলাই, বিরিয়ানী, চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১৬৩২১০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত রির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
আরবী, বাংলা, ইংরেজী, ইতালী, জাপানী, মালয়েশিয়া ইত্যাদি ভাষার অনুবাদ। সার্টিফিকেট, কাবিন নামা, ম্যারেজ সার্টিফিকেট, এনওসি, ভিসা, পাসপোর্ট, দলিল ইত্যাদি অনুবাদ এবং নোটারী পাবলিক, ফরেন মিনিষ্ট্রি এম্বাসী এটাস্টেশন সহ বিদেশে পরিবার নেওয়ার যাবতীয় কাজ ও প্রবাসে শ্রমজীবীদের যাবতীয় কেইচ/মামলা, ডেড কেইচ ইত্যাদির কাগজ পত্রাদির অনুবাদ ও যাবতীয় সত্যায়িতের কাজে পরামর্শ ও সহযোগিতা করে থাকি।
ঢাকা অফিস ঃ ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিস ঃ আনসারী মঞ্জিল, বিলুপ্ত চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

৭৬নং ফতেপুর সপ্রাবি'র মেধাবী

অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।
মতলব উত্তর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আলমগীর সরকার শিক্ষার্থীদের উদ্দেশ্যে আরও বলেন, শিক্ষাই জাতির মেরুদণ্ড, আর শিক্ষার্থীরাই আগামী দিনের ভবিষ্যৎ। আজ যারা ভালো ফলাফলের মাধ্যমে পুরস্কার অর্জন করেছ, তোমাদের জানাই আন্তরিক অভিনন্দন। তোমাদের এই সাফল্য অন্যদেরও অনুপ্রাণিত করবে। প্রিয় শিক্ষার্থীরা, তোমাদের মনে রাখতে হবে, শুধু ভালো ফলাফল নয়, ভালো মানুষ হওয়াও জীবনের অন্যতম লক্ষ্য। নিয়মিত পড়াশোনা, সময়ের সঠিক ব্যবহার, শৃঙ্খলা ও সততা তোমাদের সফলতার পথে এগিয়ে নেবে।
ফতেপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও চেয়ারম্যান পদপ্রার্থী মশিউর রহমান চৌধুরীর সভাপতিত্বে ও উপজেলা যুবদলের সাবেক সাংগঠনিক সম্পাদক কবির মজুমদারের উপস্থাপনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মতলব উত্তর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মিয়া মনজুর আমিন স্বপন। উদ্বোধনী বক্তব্য রাখেন উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) মোঃ জামাল হোসেন। আরো বক্তব্য রাখেন, বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক মোফাজ্জল হোসেন। শুভেচ্ছা বক্তব্য রাখেন প্রধান শিক্ষক মনির আহমেদ। অনুষ্ঠানে রাজনৈতিক নেতৃবৃন্দ, অভিভাবক ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

৫ নভেম্বরের মধ্যে

না পড়ে, সে বিষয়ে সংশ্লিষ্টদের সতর্ক করেন তিনি। পাশাপাশি মুদ্রণকাজের মান নিয়ন্ত্রণ ও তদারকি আরও জোরদার করার ওপর গুরুত্ব দেন। প্রতিমন্ত্রী বলেন, পাঠ্যবইয়ের মান নিশ্চিত করতে শুধু কাজ সম্পন্ন করলেই হবে না, প্রতিটি বই নির্ধারিত মানদণ্ড অনুযায়ী মুদ্রিত হয়েছে কি না, তা নিশ্চিত করতে হবে। শিক্ষার্থীদের হাতে মানসম্মত পাঠ্যবই পৌঁছে দেওয়া সরকারের দায়িত্ব। তাই এ ক্ষেত্রে কোনো ধরনের অবহেলা বা নিম্নমানের কাজ গ্রহণযোগ্য নয়। তিনি সংশ্লিষ্ট মুদ্রণপ্রতিষ্ঠানগুলোকে নির্ধারিত সময়সীমার মধ্যে সব বই সরবরাহ নিশ্চিত করার পাশাপাশি ভবিষ্যতে আধুনিক ও উপযুক্ত সক্ষমতাসম্পন্ন মুদ্রণযন্ত্র ব্যবহারের প্রস্তুতি নেওয়ার নির্দেশ দেন। পরিদর্শনকালে এনসিটিবি ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং সংশ্লিষ্ট মুদ্রণপ্রতিষ্ঠানের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

নবরূপ পাঠাগারের উদ্যোগে

হকের যুদ্ধদিনের কথা ও কলেজ শিক্ষার্থীদের জন্য লেখক মন্টু খানের হায়েনার খাঁচায় অদম্য জীবন এই দুইটি বইয়ের উপর পাঠ প্রতিযোগিতা বইটি পড়ে তোমাদের কেমন লাগল, কি শিখলে তা স্কুলের ছাত্র-ছাত্রীরা ১হাজার ও কলেজের ছাত্র-ছাত্রীদের জন্য ২হাজার শব্দের পাঠ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এ প্রতিযোগিতায় অংশ নিতে ২৮ অক্টোবর বৃহস্পতিবার সকাল ১০টায় শহরের ষোলো ঘর অবস্থিত চাঁদপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের শিক্ষার্থীদের মাঝে বই তুলে দেওয়া হয়েছে। বই তুলে দেন নবরূপ পাঠাগার চাঁদপুরের সভাপতি পি এম বিল্লাল উপস্থিত ছিলেন চাঁদপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোঃ হারুনুর রশিদ চৌধুরী, প্রভাষক আলাউদ্দিন খান প্রমুখ।

আমরা জনসাধারণের ভূমি

বিভিন্নজনের কাছে তথ্য যাচাই করবেন। অফিসের কেউ কোন অসততা দেখালে আমাকে জানাবেন। তিনি জনসাধারণের কাছ থেকে উত্থাপিত লিখিত ও মৌখিক বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। তিনি বলেন, ভূমি সংক্রান্ত বা ভূমি আইন নিয়ে সাধারণ জনগণের তেমন কোন ধারণা নেই। তবে ভূমি আইন ও ভূমি সংক্রান্ত বিষয়ে জনসাধারণের ধারণা থাকা দরকার। ভূমি নিয়ে আপনাদের অজ্ঞতার কারণেই আপনাদেরকে অনেক বেশি হয়রানী হতে হয়। তিনি আরও বলেন, কিছু অসাধু ব্যক্তি এলাকার সাধারণ মানুষদের জিম্মি করে হয়রানী করে। আপনারা দালালের মাধ্যমে ভূমিসেবা নিতে গিয়ে প্রতারিত হবেন না। তিনি ভূমি অফিসের সেবা সম্পর্কিত তথ্য জনসাধারণের অবহিত করেন।
সভাপতির বক্তব্যে সনাক সভাপতি মোঃ আলমগীর পাটওয়ারী বলেন, ভূমি বিষয়ে অজ্ঞতার কারণেই বিভিন্ন জটিলতায় পড়তে হয়। আমরা যদি সচেতন ও আন্তরিক হই তাহলে যেকোন সমস্যার সমাধান করা সম্ভব। আমরা লক্ষ্য করছি সদর উপজেলায় ভূমিসেবা নিয়ে যারা কাজ করছেন তারা জনসাধারণের সেবা প্রদানে খুবই আন্তরিক। আর আন্তরিক বলেই আজ ভূমিখাতে সমস্যাগুলো নিয়ে আপনাদের বিভিন্ন প্রশ্নের উত্তর দিয়েছেন। আজকের উত্থাপিত সুপারিশ ও সমস্যাগুলো ছাড়াও যদি কারো কোন সমস্যা থাকে আপনারা সদর উপজেলা ভূমি কর্মকর্তার সাথে সরাসরি দেখা করতে পারেন। সেক্ষেত্রে আপনারা ভুল, মিথ্যা ও হয়রাণীমূলক তথ্য নিয়ে যাবেন না।
অনুষ্ঠানে উপজেলা ভূমি অফিস ও লক্ষীপুর ইউনিয়ন ভূমি অফিসের সেবা সম্পর্কিত প্রশ্নোত্তর পর্বটি সঞ্চালনা করেন সনাকের সাবেক সভাপতি কাজী শাহাদাত। মুক্ত আলোচনায় স্থানীয় নাগরিকবৃন্দ তাদের ভূমি বিষয়ক সমস্যাগুলো উপস্থাপন করেন।
অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সনাকের সহ-সভাপতি প্রভাষক জেসমিন আক্তার। ভূমিখাতে সুশাসন প্রতিষ্ঠায় স্থানীয় পর্যায়ে সনাক-টিআইবি'র লক্ষ্য এবং উদ্দেশ্য সম্পর্কে আলোচনা করেন সনাকের সাবেক সভাপতি কাজী শাহাদাত। এছাড়াও শুভেচ্ছা বক্তব্য রাখেন সনাকের ভূমি বিষয়ক উপ-কমিটির আহবায়ক মোঃ খোরশেদ আলম পাটওয়ারী। শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন এসিজি সমন্বয়ক সাইফূল ইসলাম আকাশ। উপস্থিত ছিলেন সনাক সদস্য হাবিবুর রহমান পাটওয়ারী, ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা তাছলিমা আক্তার, এসিজি (ভূমি)'র সহ-সমন্বয়ক খোদেজা আক্তার, গ্রুপের সদস্যবৃন্দ এবং ইয়েস গ্রুপের সদস্যবৃন্দসহ ইউনিয়নের অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। এছাড়াও উপজেলা ভূমি অফিসের সেবা সম্পর্কিত বিষয়ে সুশাসন বৃদ্ধির লক্ষ্যে লক্ষীপুর ইউনিয়নের বিভিন্ন স্থানে মাইকিং-এর মাধ্যমে প্রচারণামূলক কার্যক্রম পরিচালনা করা হয়।

ফরিদগঞ্জে প্রধান শিক্ষক

প্রশংসা করে তিনি বলেন, "বিদ্যালয়ের বিদায়ী প্রধান শিক্ষক অত্যন্ত ভালো মানুষ। এমন মানুষদের বিদায় হয় না; তাঁদের কাছ থেকে শিক্ষা নিয়ে নতুন পৃথিবী গড়তে জানতে হয়।"
এসময় স্মৃতিচারণ করতে গিয়ে কান্নায় ভেঙে পড়েন বিদায়ী প্রধান শিক্ষক।
বিদায়ী বক্তব্য দিতে গিয়ে আবেগ ধরে রাখতে পারেননি প্রধান শিক্ষক ফিরোজ আলম। প্রায় ১২ বছর আগে শূন্য হাতে বিদ্যালয়ে যোগদানের স্মৃতিচারণ করতে গিয়ে কান্নায় ভেঙে পড়েন তিনি। দীর্ঘ কর্মজীবনে বিদ্যালয়ের সঙ্গে গড়ে ওঠা সম্পর্ক, সহকর্মীদের সহযোগিতা এবং শিক্ষার্থীদের ভালোবাসার কথা স্মরণ করেন।
তিনি বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারী, শিক্ষার্থী ও অভিভাবকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তাঁদের সহযোগিতা ও আন্তরিকতাকে নিজের কর্মজীবনের গুরুত্বপূর্ণ প্রাপ্তি হিসেবে উল্লেখ করেন।
বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা ইয়াসমিন আক্তারের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারীবৃন্দ।
অনুষ্ঠানের শেষপর্যায়ে বিদ্যালয়ের পক্ষ থেকে বিদায়ী প্রধান শিক্ষক ফিরোজ আলমের হাতে শুভেচ্ছা স্মারক তুলে দেওয়া হয়। শিক্ষার্থীদের পক্ষ থেকেও তাঁকে শুভেচ্ছা স্মারক ও মানপত্র প্রদান করা হয়। এ ছাড়া পার্শ্ববর্তী দুটি প্রাথমিক বিদ্যালয়ের পক্ষ থেকেও তাঁকে বিদায়ী শুভেচ্ছা জানানো হয়। আনুষ্ঠানিক বিদায়ের মধ্য দিয়ে কর্মজীবনের একটি অধ্যায়ের সমাপ্তি ঘটলেও সহকর্মী, শিক্ষার্থী ও শুভাকাঙ্ক্ষীদের হৃদয়ে স্মৃতি ও ভালোবাসার মানুষ হয়ে থাকবেন প্রধান শিক্ষক ফিরোজ আলম। তাঁর দীর্ঘদিনের কর্মনিষ্ঠা, আন্তরিকতা ও অবদান বিদ্যালয়ের সঙ্গে জড়িয়ে থাকবে শ্রদ্ধার সঙ্গে।

আবার বাড়লো স্বর্ণের

হলমার্ক করা ২২ ক্যারেটের স্বর্ণের গয়না প্রতি গ্রাম ১৯ হাজার ২৬৫ টাকা নির্ধারণ করা হয়েছে। সে হিসাবে এক ভরি (১১ দশমিক ৬৬৪ গ্রাম) স্বর্ণের দাম দাঁড়াচ্ছে প্রায় ২ লাখ ২৪ হাজার ৭৬৭ টাকা। বাজুসের স্ট্যান্ডিং কমিটি অন প্রাইসিং অ্যান্ড প্রাইস মনিটরিংয়ের সভায় গতকাল বৃহস্পতিবার সকালে এ সিদ্ধান্ত নেওয়া হয়। সংগঠনটির বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, তেজাবি স্বর্ণের (পিওর গোল্ড) দাম বেড়ে যাওয়ায় সার্বিক পরিস্থিতি বিবেচনায় নিয়ে নতুন বিক্রয়মূল্য নির্ধারণ করা হয়েছে। নতুন দরে স্বর্ণের গয়না বাজুসের নির্ধারিত নতুন দর অনুযায়ী, হলমার্ক করা ২২ ক্যারেটের স্বর্ণের গয়না প্রতি গ্রাম ১৯ হাজার ২৬৫ টাকা, ২১ ক্যারেটের ১৮ হাজার ৪০০ টাকা এবং ১৮ ক্যারেটের ১৫ হাজার ৮০০ টাকা নির্ধারণ করা হয়েছে। এ ছাড়া সনাতন পদ্ধতির স্বর্ণের গয়নার দাম প্রতি গ্রাম ১২ হাজার ৯১০ টাকা। নতুন দরে ২২ ক্যারেটের এক ভরি স্বর্ণের দাম প্রায় ২ লাখ ২৪ হাজার ৭৬৭ টাকা, ২১ ক্যারেটের ২ লাখ ১৪ হাজার ৬৩৭ টাকা, ১৮ ক্যারেটের ১ লাখ ৮৪ হাজার ৩৭১ টাকা এবং সনাতন পদ্ধতির স্বর্ণের দাম প্রায় ১ লাখ ৫০ হাজার ৫৬৭ টাকা। স্বর্ণের পাশাপাশি রুপার গয়নার দামও নির্ধারণ করেছে বাজুস। নতুন দর অনুযায়ী, হলমার্ক করা ২২ ক্যারেটের রুপার গয়না প্রতি গ্রাম ৩৩০ টাকা, ২১ ক্যারেটের ৩১৫ টাকা এবং ১৮ ক্যারেটের ২৭০ টাকা নির্ধারণ করা হয়েছে। সনাতন পদ্ধতির রুপার গয়নার দাম প্রতি গ্রাম ২০৫ টাকা। বাজুস জানিয়েছে, গয়নার নকশা অনুযায়ী মজুরি প্রযোজ্য হবে। নির্ধারিত বিক্রয়মূল্যের সঙ্গে ভ্যাট অন্তর্ভুক্ত থাকায় গ্রাহকের কাছ থেকে আলাদাভাবে ভ্যাট আদায় করা যাবে না। এ ছাড়া পুরোনো গয়না বদলের ক্ষেত্রে মজুরি ও পাথরের মূল্য বাদ দিয়ে নির্ধারিত দামের ওপর ১২ শতাংশ এবং পুরোনো সোনা কেনার ক্ষেত্রে ১৮ শতাংশ বাদ দিতে হবে। এসব ক্ষেত্রে আলাদাভাবে ভ্যাট বাদ দেওয়া যাবে না। পরবর্তী সিদ্ধান্ত না আসা পর্যন্ত দেশের সব জুয়েলারি প্রতিষ্ঠানে নতুন দর কার্যকর থাকবে। এর আগে টানা চার দফা কমানোর পর গত বুধবার দেশের বাজারে স্বর্ণের দাম বাড়ায় বাজুস। ওই দিন প্রতি ভরিতে সর্বোচ্চ ২ হাজার ২১৬ টাকা বাড়ানো হয়। ফলে ২২ ক্যারেটের এক ভরি স্বর্ণের দাম দাঁড়ায় ২ লাখ ২৩ হাজার ৭৪ টাকা। ২১ ক্যারেটের দাম ছিল ২ লাখ ১৩ হাজার ৪৩ টাকা, ১৮ ক্যারেটের ১ লাখ ৮২ হাজার ৯৫০ টাকা এবং সনাতন পদ্ধতির স্বর্ণের দাম ছিল ১ লাখ ৪৯ হাজার ৪৭৪ টাকা। এর আগে টানা চার দফায় প্রতি ভরিতে সর্বোচ্চ ১০ হাজার ৪৩৯ টাকা পর্যন্ত কমেছিল স্বর্ণের দাম। বুধবারের বৃদ্ধির পর গতকাল বৃহস্পতিবার আবারও দাম সমন্বয় করা হলো।

ফরিদগঞ্জে এসএসসি-২০০১

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আসাদুজ্জামান জুয়েল, উপজেলা একাডেমিক সুপারভাইজার আব্দুল্লাহ আল-মামুন এবং ফরিদগঞ্জ এ আর পাইলট মডেল সরকারি উচ্চ বিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী ফোরাম ও ফরিদগঞ্জ পৌর নাগরিক ফোরামের সভাপতি মোশারফ হোসেন নান্নু।
শিক্ষকদের পক্ষ থেকে বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রবীণ শিক্ষক মো. রফিকুল ইসলাম। এসএসসি-২০০১ ব্যাচের পক্ষ থেকে বক্তব্য রাখেন মো. আজিজুর রহমান রাজন ও মো. মামুন হোসেন সর্দারসহ অন্যান্যরা।
এ সময় এসএসসি-২০০১ ব্যাচের মো. লিয়াকত আলী পাটওয়ারী, মোঃ সোহেল গাজী, মোঃ বিল্লাল বেপারী, মোঃ দিদার হোসেন, মোঃ রমজান আলীসহ ব্যাচের অন্যান্য সদস্য এবং বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।
অনুষ্ঠানে ২০০১ ব্যাচের পক্ষ থেকে জিপিএ-৫ অর্জনকারী মোট ১৫ জন শিক্ষার্থীকে সম্মাননা স্মারক ও নগদ অর্থ প্রদান করা হয়।
আয়োজকরা জানান, শিক্ষার্থীদের মেধা ও কৃতিত্বের স্বীকৃতি দেয়ার পাশাপাশি তাদের ভবিষ্যৎ শিক্ষাজীবনে আরও ভালো ফলাফল অর্জনে উৎসাহিত করাই ছিল এ আয়োজনের মূল উদ্দেশ্য।
অতিথিবৃন্দ বলেন, প্রাক্তন শিক্ষার্থীদের এ উদ্যোগ বিদ্যালয়ের বর্তমান শিক্ষার্থীদের অনুপ্রাণিত করার পাশাপাশি প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীদের মধ্যে পারস্পরিক সম্প্রীতি ও বন্ধন আরও সুদৃঢ়? করবে বলে আশা প্রকাশ করেন।



সুবিদপুর দারুল কুরআন

অর্জনকে স্মরণীয় করে রাখতে মাদরাসার শিক্ষক-শিক্ষার্থী ও সংশ্লিষ্টদের অংশগ্রহণে একটি আনন্দ র‍্যালি অনুষ্ঠিত হয়। র‍্যালিতে অংশগ্রহণকারীরা শিক্ষার্থীর এ সাফল্যে আনন্দ প্রকাশ করেন এবং তার উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করেন।
মাদরাসার সভাপতি মাওলানা মিজানুর রহমান বলেন, কোরআন প্রতিযোগিতায় আব্দুল্লাহ আল মাহীদ যে সাফল্য অর্জন করেছে, তা মাদরাসার জন্য অত্যন্ত আনন্দ ও গর্বের বিষয়। তার এ অর্জন অন্য শিক্ষার্থীদেরও কোরআন শিক্ষা ও হিফজের প্রতি আরও উৎসাহিত করবে। ভবিষ্যতে সে আরও বড় পরিসরে সাফল্য অর্জন করবে–এটাই আমাদের প্রত্যাশা।

হাইমচরে ১ কোটি ৩৫

নৌ পুলিশের মাধ্যমে ২৭টি এবং সাধারণ নিয়মিত মামলা ২টি।
প্রতিবেদনে আরও উল্লেখ করা হয়, অভিযানের মাধ্যমে ৫৭ জনকে কারাদণ্ড দেয়া হয়েছে এবং ১ লাখ টাকা জরিমানা আদায় করা হয়েছে।
মা ইলিশের প্রজনন মৌসুমে মাছ ধরা বন্ধ রাখা ইলিশের বংশবিস্তার ও ভবিষ্যৎ উৎপাদন বৃদ্ধির জন্য গুরুত্বপূর্ণ। এ কারণে নিষেধাজ্ঞা বাস্তবায়নে অভিযান, বাজার ও মাছঘাট পরিদর্শন এবং আইন অমান্যকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হয়।

হিংসা : অন্তরের কঠিন রোগ যা আমল নষ্ট করে

দিগন্ত ডেস্ক

একটি ইসলামী সমাজের প্রধান বৈশিষ্ট্য হলো ভ্রাতৃত্ববোধ। আর হিংসা ভ্রাতৃত্ববোধকে ধ্বংস করে। মহানবীর পবিত্র জীবনাদর্শের অন্যতম সৌন্দর্য হলো হিংসা না করা। তিনি তাঁর প্রিয় সাহাবি এবং দীর্ঘদিনের খাদেম হযরত আনাস ইবনে মালিক (রা.)-কে বলেন- "হে বৎস! তুমি যদি সকাল ও সন্ধ্যা এমনভাবে পার করতে পারো যে, তোমার অন্তরে কারো প্রতি কোনো হিংসা, বিদ্বেষ বা অকল্যাণ কামনা নেই–তবে তুমি তা-ই করো।" এরপর তিনি যোগ করেন:"হে বৎস! আর এটাই হলো আমার সুন্নাত বা আদর্শ। আর যে ব্যক্তি আমার সুন্নাতকে জীবিত করল (ভালোবাসল), সে মূলত আমাকেই ভালোবাসল। আর যে আমাকে ভালোবাসল, সে জান্নাতে আমার সাথেই থাকবে।" (সুনান আত-তিরমিজি, হাদিস: ২৬৭৮)
আল্লাহর রসূল শত্রুর সাথেও হিংসা করতেন না। মক্কা বিজয়ের দিন তিনি তাঁর ঘোর শত্রুদেরও বিনাশর্তে ক্ষমা করে দিয়েছিলেন। যারা তাঁকে মক্কা থেকে তাড়িয়েছিল, তাঁদের প্রতি কোনো প্রতিশোধ বা হিংসা নেননি। তায়েফে পাথরের আঘাতে রক্তাক্ত হওয়ার পরও তিনি তাঁদের ধ্বংস কামনা না করে হেদায়েতের দোয়া করেছিলেন।
মহানবীর মহান সাহাবাগণ আল্লাহর রসূলকে এবং তাঁর পবিত্র জীবনাদর্শকে তাঁদের জীবনের চেয়েও বেশি ভালোবাসতেন। মদীনার আওস ও খাজরাস গোত্র বংশানুক্রমে শত্রুতা ও রক্তক্ষয়ী যুদ্ধে লিপ্ত ছিল। কিন্তু ইসলাম গ্রগণের পর আল্লাহর রাসূলের সান্নিধ্যে এসে তারা তারা ভ্রাতৃত্বের বন্ধনে আবদ্ধ হয়ে যায়। মক্কা থেকে যেসব মুসলিম কাফেরদের অত্যাচার থেকে বাঁচতে মদীনায় হিজরত করে তাদেরকেও তারা ভাই বলে বুকে আগলে নেন এবং নিজেদর ঘর-বসতিতে আশ্রয় দেন।
এক হাদিসে এসেছে, রাসূল (সা.) তাঁর এক সাহাবিকে জীবিতাবস্থায় "জান্নাতি" বলে ঘোষণা করেছিলেন। পরবর্তীতে জানা যায়, সেই সাহাবির বিশেষ আমল ছিল–তিনি প্রতিদিন ঘুমানোর আগে তাঁর অন্তরে কোনো মুসলিমের প্রতি হিংসা বা ক্ষোভ রাখতেন না এবং সবাইকে ক্ষমা করে দিতেন।
বস্তুত, রাসূলুল্লাহ (সা.)-এর সুন্নাত বা আদর্শ কেবল বাহ্যিক পোশাক-পরিচ্ছদ বা আচার-অনুষ্ঠানের মধ্যে সীমাবদ্ধ নয়। অন্তরের পবিত্রতা রক্ষা করা এবং মানুষের প্রতি হিংসা-বিদ্বেষহীন মন রাখা তাঁর অন্যতম প্রধান সুন্নাত। কোনো মানুষের ক্ষতি বা অকল্যাণ চিন্তা না করে দিন পার করতে পারলে হাশরের ময়দানে আল্লাহর দরবারে হিসাব-নিকাশ অনেক সহজ হয়ে যায়। অন্তরে

ক্ষোভ বা অহংকার না রেখে সবাইকে ক্ষমা করে ঘুমাতে যাওয়া মানুষকে সরাসরি রাসূলুল্লাহ (সা.)-এর সাথে জান্নাতে থাকার সৌভাগ্য এনে দেয়।
হিংসা একটি মারাত্মক আত্মিক ব্যাধি। আল্লাহর রসূল শুধু নিজে হিংসা ও বিদ্বেষ থেকে দূরে থাকেননি, বরং পুরো মানবজাতিকে এর ক্ষতিকর দিক সম্পর্কে সতর্ক করেছেন।
আল্লাহর রসূল সাহাবাদের হিংসা থেকে বেঁচে থাকার নির্দেশ দিতেন। রাসুলুল্লাহ (সা.) বলতেন, 'তোমরা একে অন্যের সঙ্গে হিংসা-বিদ্বেষ পোষণ করবে না। পরস্পর শত্রুতা করবে না। পারস্পরিক সম্পর্ক বিচ্ছিন্ন করবে না।' তোমরা আল্লাহর বান্দা হিসেবে ভাই ভাই হয়ে থাকবে।' (সহিহ মুসলিম, হাদিস : ৬৪২৪)
খাঁটি ঈমান নিয়ে জান্নাতে যেতে হলে অন্তরকে হিংসা ও বিদ্বেষমুক্ত রাখা আবশ্যক। তওবা না করে যদি কেউ অন্তরে স্থায়ীভাবে হিংসা পোষণ করে মারা যায়, তবে তার পরিণাম অত্যন্ত ভয়াবহ হতে পারে।
রসূলুল্লাহ (স.) বলেছেন, আগুন যেভাবে শুকনো কাঠ বা ঘাস পুড়িয়ে ছাই করে দেয়, তেমনি হিংসাও মানুষের নেক আমলগুলো পুড়িয়ে ধ্বংস করে দেয়। তিনি আরও বলতেন- মুমিন একে অপরের ভাই। অন্যের নেয়ামত দেখে কষ্ট পাওয়া বা তা নষ্ট কামনা করা প্রকৃত মুমিনের বৈশিষ্ট্য হতে পারে না। তিনি বলতেন, অন্তরে হিংসা রেখে জান্নাতের পবিত্র পরিবেশে প্রবেশ করা যায় না, কারণ জান্নাতিদের অন্তর থেকে সব ধরনের হিংসা-বিদ্বেষ চিরতরে দূর করে দেওয়া হবে।
হিংসুক ব্যক্তি মূলত আল্লাহর বন্টন করা তাকদির বা ফয়সালার ওপর অসন্তুষ্ট হয়। তারা অন্যের প্রতি আল্লাহর অনুগ্রহ বা রিজিক দেখে হিংসা করে। এটা আসলে বোকামি। কারণ রিজিকের মালিক আল্লাহ। আল্লাহ অফুরন্ত রিজিকের মালিক। সুতরাং অন্যের প্রতি হিংসা না করে আল্লাহর কাছে রিজিক প্রার্থনা করাই শ্রেয়।
কোনো ব্যক্তির মাঝে হিংসার প্রবৃত্তি দেখা দিলে তাকে অবিলম্বে তওবা করতে হবে এবং নিজের মনকে নিয়ন্ত্রণ করতে হবে।
অন্তরকে হিংসা ও বিদ্বেষের মতো মারাত্মক ব্যাধি থেকে মুক্ত রাখা প্রতিটি মুমিনের জন্য অত্যন্ত জরুরি। রাসুলুল্লাহ (সা.) এবং ইসলামি স্কলারদের নির্দেশনা অনুযায়ী, মনকে হিংসামুক্ত রাখার প্রধান উপায়গুলো নিচে আলোচনা করা হলো:
১. আল্লাহর তাকদিরের ওপর সন্তুষ্ট থাকামনোভাব: হিংসা মূলত জন্ম নেয় যখন কেউ অন্যের ভালো কিছু দেখে ঈর্ষা করে।সমাধান: মনে প্রাণে বিশ্বাস করা যে, আল্লাহ যাকে যতটুকু দিয়েছেন তা তাঁরই ফয়সালা। আল্লাহর বণ্টনের ওপর সন্তুষ্ট থাকলে (যাকে ইসলামে 'রেজা বিল কাজা' বলা হয়) মন থেকে হিংসা দূর হয়ে যায়।
২. অন্যের জন্য দোয়া করাআমল: কারো প্রতি হিংসা তৈরি হলে, উল্টো তাঁর নেয়ামত বৃদ্ধি এবং কল্যাণের জন্য আল্লাহর কাছে গোপনে দোয়া করুন।ফলাফল: হাদিস অনুযায়ী, আপনি যখন অন্যের জন্য দোয়া করবেন, ফেরেশতারা আপনার জন্যও একই দোয়া করবেন। এতে শয়তান পরাজিত হয় এবং অন্তরের হিংসা ভালোবাসায় রূপ নেয়।
৩. সালামের ব্যাপক প্রচলন করারাসূলের (সা.) শিক্ষা: রাসুলুল্লাহ (সা.) বলেছেন, "আমি কি তোমাদের এমন কাজের কথা বলব না, যা করলে তোমাদের মধ্যে পারস্পরিক ভালোবাসা বৃদ্ধি পাবে? তোমরা নিজেদের মধ্যে সালামের ব্যাপক প্রচলন করো।" (সহিহ মুসলিম)। সালাম মানুষের অহংকার ও হিংসা ধুয়ে দেয়।
৪. উপহার আদান-প্রদান করাপদ্ধতি: যার প্রতি মনের ভেতর হিংসা বা ক্ষোভ তৈরি হচ্ছে, তাকে ছোটখাটো কোনো উপহার দিন।উপকারিতা: হাদিসে এসেছে, "তোমরা একে অপরকে উপহার দাও, এতে তোমাদের মধ্যকার পারস্পরিক ভালোবাসা বৃদ্ধি পাবে এবং হিংসা-বিদ্বেষ দূর হয়ে যাবে।" (আল-আদাবুল মুফরাদ)।
৫. নিজের চেয়ে কম সৌভাগ্যবানদের দিকে তাকানোদৃষ্টিভঙ্গি: পার্থিব ধন-সম্পদ ও ক্যারিয়ারের ক্ষেত্রে সবসময় নিজের চেয়ে নিচের স্তরের মানুষের দিকে তাকানো উচিত।লাভ: এতে নিজের প্রাপ্তির জন্য আল্লাহর প্রতি কৃতজ্ঞতা (শুকরিয়া) প্রকাশ পায় এবং অন্যের ওপর হিংসা করার মানসিকতা তৈরি হয় না। ৬. নিয়মিত তাওবা ও ইস্তিগফার করাপ্রার্থনা: অন্তরের পবিত্রতার জন্য আল্লাহর কাছে বিশেষভাবে দোয়া করা। কোরআনে বর্ণিত এই দোয়াটি নিয়মিত পড়া যেতে পারে:"হে আমাদের রব! আমাদের এবং আমাদের পূর্বে যারা ঈমান এনেছে তাদের ক্ষমা করুন। আর ঈমানদারদের প্রতি আমাদের অন্তরে কোনো হিংসা-বিদ্বেষ রাখবেন না।" (সূরা আল-হাশর, আয়াত: ১০)
এই অভ্যাসগুলো নিয়মিত চর্চা করলে মানুষের অন্তর হিংসার অন্ধকার থেকে মুক্ত হয়ে প্রশান্তিতে ভরে ওঠে।

শাশুড়ি ও পুত্রবধূর টানাপোড়েন: ইসলাম কী বলে

দিগন্ত ডেস্ক

আমাদের সমাজব্যবস্থায় শাশুড়ি ও পুত্রবধূর সম্পর্ককে প্রায়ই একটি সংঘাতময় দৃষ্টিভঙ্গি থেকে দেখা হয়। অনেক পরিবারেই এই সম্পর্কের টানাপোড়েনে দাম্পত্য জীবনে চরম অশান্তি নেমে আসে।
অথচ ইসলাম এই সম্পর্ককে সংঘাতের নয়; বরং পারস্পরিক সম্মান, মমতা ও ছাড় দেওয়ার এক অপূর্ব মেলবন্ধন হিসেবে সংজ্ঞায়িত করেছে।
ইসলাম এই সম্পর্কের ক্ষেত্রে কোনো একপক্ষীয় জুলুম বা অবিচারকে প্রশ্রয় দেয়নি; বরং 'আদল' (ন্যায়বিচার) ও 'ইহসান' (নৈতিক সৌন্দর্য)এর চমৎকার একটি ভারসাম্যপূর্ণ রূপরেখা প্রদান করেছে।
পুত্রবধূর দায়িত্ব: আইন ও নৈতিকতা
সমাজে প্রচলিত একটি ধারণা রয়েছে যে বিয়ের পর শ্বশুরশাশুড়ির যাবতীয় সেবাযত্ন করা পুত্রবধূর জন্য বাধ্যতামূলক (ফরজ বা ওয়াজিব)। কিন্তু ইসলামি ফিকহের দৃষ্টিভঙ্গি সম্পূর্ণ ভিন্ন। স্ত্রীর মূল দায়িত্ব হলো তার স্বামীর আনুগত্য করা এবং নিজের সন্তানদের লালনুপালন করা।
শ্বশুরশাশুড়ির সেবা করার জন্য স্ত্রীকে আইনগতভাবে বাধ্য করার কোনো সুযোগ স্বামীর নেই।
তবে শ্বশুরশাশুড়ি হলেন বয়োজ্যেষ্ঠ অভিভাবক। একজন মুসলিম নারী যদি ভালোবেসে এবং স্বামীর প্রতি সম্মান দেখিয়ে স্বেচ্ছায় তাঁর মাবাবার সেবা করেন, তবে সেটি তাঁর জন্য বিরাট পুণ্যের কাজ, উত্তম চরিত্রের পরিচায়ক।
এটি পরিবারের বন্ধনকে দৃঢ় করে। কিন্তু এটিকে 'দাসত্ব' হিসেবে চাপিয়ে দেওয়া নিষিদ্ধ।
শাশুড়ির দৃষ্টিভঙ্গি: মমতাময়ী অভিভাবকত্ব
একজন মেয়ে তাঁর নিজের পরিচিত পরিবেশ ও মাবাবাকে ছেড়ে সম্পূর্ণ নতুন একটি পরিবেশে আসেন। তাই শাশুড়ির প্রধান দায়িত্ব হলো তাঁকে নিজের মেয়ের মতো আপন করে নেওয়া এবং তাঁর ভুলত্রুটিগুলো মমতার সঙ্গে শুধরে দেওয়া।
কথায় কথায় খোঁটা দেওয়া, পিতৃগৃহ নিয়ে কটূক্তি করা বা অহেতুক সন্দেহ করা ইসলামের দৃষ্টিতে মানসিক জুলুম।
রাসুল (সা.) ছোটদের প্রতি বয়োজ্যেষ্ঠদের আচরণের একটি সর্বজনীন মাপকাঠি নির্ধারণ করে বলেছেন, 'যে ব্যক্তি আমাদের ছোটদের প্রতি স্নেহ করে না এবং বড়দের সম্মান করে না, সে আমাদের দলভুক্ত নয়।' (সুনানে তিরমিজি, হাদিস: ১৯১৯)
শাশুড়ি যখন তাঁর পুত্রবধূকে কন্যার স্নেহে আগলে রাখবেন, তখন স্বাভাবিকভাবেই পুত্রবধূর অন্তরে তাঁর প্রতি মায়ের মতো শ্রদ্ধা জন্ম নেবে।
স্বামীর ভূমিকা ও স্ত্রীর আইনি অধিকার
শাশুড়ি ও পুত্রবধূর সম্পর্কের টানাপোড়েনে সবচেয়ে নাজুক অবস্থায় পড়েন স্বামী। ইসলাম স্বামীকে নির্দেশ দিয়েছে উভয়ের প্রতিই ন্যায়বিচার করতে। স্বামী যেমন তাঁর মায়ের অবাধ্য হতে পারবেন না, তেমনি মায়ের অন্যায় আবদারে স্ত্রীর ওপর জুলুমও করতে পারবেন না।
যদি শাশুড়ি ও পুত্রবধূর মধ্যে বনিবনা না হয় এবং নিত্যদিন ঝগড়াঝাঁটি হতে থাকে, তবে ইসলামি আইনে স্ত্রীর সম্পূর্ণ অধিকার রয়েছে আলাদা বাসস্থানের দাবি করার।
স্বামীর ওপর আইনগতভাবে ওয়াজিব হলো স্ত্রীকে এমন একটি নিরাপদ ও বাধামুক্ত বাসস্থানের ব্যবস্থা করে দেওয়া, যেখানে স্বামীস্ত্রী ছাড়া পরিবারের অন্য কারও (এমনকি শ্বশুরশাশুড়িরও) অনাকাঙ্ক্ষিত হস্তক্ষেপ থাকবে না, যাতে স্ত্রীর ব্যক্তিগত গোপনীয়তা, জানমালের নিরাপত্তা ও মানসিক শান্তি নিশ্চিত হয়। (আলুফতোয়া আলুহিন্দিয়া, ১/৫৫৬, দারুল কুতুবিল ইলমিয়্যাহ, বৈরুত, ২০০০)
স্ত্রীর এই আইনি অধিকার নিশ্চিত করাকে সমাজে অনেক সময় নেতিবাচক চোখে দেখা হলেও ফিতনা ও পারিবারিক কলহ এড়াতে ইসলাম একে একটি যুগান্তকারী সমাধান হিসেবে স্বীকৃতি দিয়েছে।
পারস্পরিক সম্মান ও সহনশীলতা
পরিবার হলো শান্তির নীড়। দুজন ভিন্ন পরিবেশ থেকে আসা মানুষের মধ্যে মতের অমিল হওয়াটাই স্বাভাবিক। এ ক্ষেত্রে গিবত (পরনিন্দা), কানকথায় কান দেওয়া এবং ছোট বিষয়কে বড় করে দেখার মানসিকতা পরিহার করতে হবে।
রাসুল (সা.) বলেছেন, 'তোমাদের মধ্যে সেই ব্যক্তিই সর্বোত্তম, যে তার পরিবারের কাছে সর্বোত্তম।' (সুনানে তিরমিজি, হাদিস: ৩৮৯৫)
শাশুড়ি ও পুত্রবধূ উভয়কেই বুঝতে হবে, তাঁদের সম্পর্কটি ক্ষমতার লড়াইয়ের নয়।
পরিশেষে শাশুড়ি ও পুত্রবধূর সম্পর্কটি প্রতিষ্ঠিত হওয়া উচিত পারস্পরিক শ্রদ্ধা, ভালোবাসা ও ছাড় দেওয়ার মানসিকতার ওপর। শাশুড়ি যদি পুত্রবধূর কাছে সম্মান ও সেবা প্রত্যাশা করেন, তবে তাঁকে অবশ্যই অভিভাবকসুলভ ভালোবাসা ও উদারতা প্রদর্শন করতে হবে। একইভাবে পুত্রবধূকেও বয়োজ্যেষ্ঠ হিসেবে শাশুড়ির প্রতি বিনয়ী ও শ্রদ্ধাশীল হতে হবে।

ইয়েমেন নিয়ে সত্য হচ্ছে রাসুল (সা.)-এর ভবিষ্যদ্বাণী

দিগন্ত ডেস্ক

সৌদি আরব ও ইয়েমেনের সংঘাত, মধ্যপ্রাচ্যে ক্ষমতার লড়াই এবং সাম্প্রতিক সামরিক অস্থিরতার প্রেক্ষাপটে মুসলিম বিশ্বে নতুন করে আলোচনায় এসেছে মহানবী হযরত মুহাম্মদ (সা.)-এর প্রায় দেড় হাজার বছর আগের একটি প্রসিদ্ধ ভবিষ্যদ্বাণী ও দোয়া। ইসলামের ইতিহাসে অত্যন্ত তাৎপর্যপূর্ণ এই হাদিসের বক্তব্য এবং বর্তমান ভূরাজনীতির সমীকরণ নিয়ে রাজনৈতিক ও ধর্মীয় মহলে চলছে নানামুখী বিশ্লেষণ।
প্রায় ১৪০০ বছর আগে আরবের মাটিতে দাঁড়িয়ে মহানবী (সা.) ইয়েমেন ও শামের জন্য বিশেষ বরকতের দোয়া করেছিলেন। একই সঙ্গে অপর এক অঞ্চল 'নজদ' সম্পর্কে ফিতনা ও বিশৃঙ্খলার এক গভীর সতর্কবার্তা দিয়েছিলেন তিনি।
সহীহ বুখারির বর্ণনায় হযরত আব্দুল্লাহ ইবনে ওমর (রা.) থেকে পাওয়া যায়, রাসুলুল্লাহ (সা.) দোয়া করেছিলেন, 'হে আল্লাহ! আমাদের শাম (সিরিয়া ও সন্নিহিত অঞ্চল) এবং ইয়েমেনে বরকত দান করুন।' সে সময় উপস্থিত সাহাবিরা নজদ অঞ্চলের জন্যও বরকতের দোয়া করার আরজি জানালে নবীজি (সা.) তা এড়িয়ে গিয়ে আবারও শাম ও ইয়েমেনের জন্য বরকত প্রার্থনা করেন। এরপর নজদ সম্পর্কে তিনি বলেন, 'সেখানে ভূমিকম্প ও ফিতনা দেখা দেবে এবং সেখান থেকেই শয়তানের শিং উদিত হবে।'
হাদিসে উল্লেখিত 'নজদ' ঠিক কোন ভৌগোলিক এলাকা নির্দেশ করে, তা নিয়ে ইসলামি স্কলারদের মধ্যে মতপার্থক্য রয়েছে। এক পক্ষের গবেষকদের মতে, বর্তমান সৌদি আরবের মধ্যাঞ্চল–যেখানে রাজধানী রিয়াদের অবস্থান, সেটিই প্রাচীন নজদ। অপর এক পক্ষের মতে, প্রাচীন ইরাক সীমান্তের উচ্চভূমি অঞ্চলকে নজদ হিসেবে ইঙ্গিত করা হয়েছিল।
তবে আধুনিক সময়ে এসে সেই ভবিষ্যদ্বাণীর বাস্তবতা নিয়ে আলোচনা তীব্র হওয়ার কারণ সৌদি-ইয়েমেনের দীর্ঘস্থায়ী রক্তক্ষয়ী সংঘাত। ২০১৪ সালে ইয়েমেনের রাজধানী সানা হুথিদের নিয়ন্ত্রণে চলে যাওয়ার পর দেশটিতে গৃহযুদ্ধ ছড়িয়ে পড়ে। ২০১৫ সাল থেকে সৌদি নেতৃত্বাধীন সামরিক জোট ইয়েমেনে অভিযান শুরু করে। দীর্ঘ এই লড়াইয়ে বিপর্যস্ত হয়ে পড়েছে ইয়েমেন; বিপরীতে হুথিরাও সৌদি আরবের বিমানবন্দর, তেল শোধনাগার ও গুরুত্বপূর্ণ স্থাপনা লক্ষ্য করে ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা অব্যাহত রেখেছে।
সৌদি আরব ও ইরানের আঞ্চলিক আধিপত্যের লড়াই এই সংঘাতকে আন্তর্জাতিক সংকটে রূপ দিয়েছে, যা লোহিত সাগরের বাণিজ্য ও নিরাপত্তা পর্যন্ত বিস্তৃত হয়েছে। একদিকে নবীজি (সা.)-এর বরকতপূর্ণ দোয়ার অঞ্চল ইয়েমেনের লড়াই করে টিকে থাকার চেষ্টা, অন্যদিকে আঞ্চলিক ক্ষমতা ও ফিতনার বিস্তার–সব মিলিয়ে বিশ্বজুড়ে ধর্মপ্রাণ মানুষের কাছে দেড় হাজার বছর আগের সেই ভবিষ্যদ্বাণী নতুন করে প্রাসঙ্গিক হয়ে উঠেছে।